

বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০২০

তথ্য অধিকার আইন-২০০৯ মোতাবেক প্রকাশিত



ঐশ্বর্য প্রশাসন অধিদপ্তর
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



উপদেষ্টা

মেজর জেনারেল মোঃ মাহবুবুর রহমান
মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর

সম্পাদনা পরিষদ

জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর	সম্পাদক
জনাব মোঃ ইয়াহইয়া, উপ পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর	সদস্য
জনাব তানভীর আহমেদ, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর	সদস্য
জনাব হুমায়রা আফরোজ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর	সদস্য
জনাব মোঃ আসরাফ হোসেন, উপপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর	সদস্য সচিব

তথ্য প্রদান ও ড্রাফট প্রস্তুত

জনাব এস, এম সাবরীনা ইয়াছমিন
সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর।

সার্বিক সহযোগিতায়

ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ

প্রচ্ছদ ও অলংকরণ

জনাব হুমায়রা আফরোজ
ঔষধ তত্ত্বাবধায়ক।

জনাব মো: ফয়সাল মোবারক, আর্টিস্ট এন্ড ডিজাইনার।

প্রকাশকাল

মে, ২০২১

মুদ্রণে ও সহযোগিতায়

U.S. Agency for International Development's Promoting the Quality of Medicines (PQM+) Program

The authors' views expressed in this publication do not necessarily reflect the views of the United States Government or USAID



মেজর জেনারেল মোঃ মাহবুবুর রহমান
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখবন্ধ

স্বাধীনতার পূর্বে ঔষধ প্রশাসন ছিল পাকিস্তান কেন্দ্রীয় সরকার পরিচালিত একটি দপ্তর। ১৯৭১ সালের পর এটি স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের সংযুক্ত বিভাগ হিসেবে পরিচালিত হচ্ছিল। সদ্য স্বাধীনতাপ্রাপ্ত বাংলাদেশে চাহিদার শতকরা ৮০ ভাগেরও বেশি ঔষধ আমদানি করতে হত। মূল্যবান বৈদেশিক মুদ্রার অপচয়রোধে স্বাধীনতার পর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৩ সালে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশের অধীনে প্রয়োজনীয় ঔষধ আমদানির লক্ষ্যে একটি সেল গঠন করেন। বঙ্গবন্ধু দেশে মানসম্মত ঔষধের উৎপাদন বাড়ানো এবং এ শিল্পকে সহযোগিতা ও নিয়ন্ত্রণের লক্ষ্যে ১৯৭৪ সালে ‘ঔষধ প্রশাসন পরিদপ্তর’ গঠন করেন। দেশে মান-সম্পন্ন ঔষধ নিশ্চিতকল্পে, ঔষধ উৎপাদন, বিপণন, আমদানি-রপ্তানি অধিকতর কার্যকরভাবে নিয়ন্ত্রণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১০ সালে ঔষধ প্রশাসন পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করেন। ঔষধ প্রশাসন অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন দেশের ঔষধ নিয়ন্ত্রণের একমাত্র লাইসেন্সিং ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ। ঔষধ প্রশাসন অধিদপ্তর বিদ্যমান ঔষধ আইন, ঔষধনীতি এবং মন্ত্রণালয়ের দিক নির্দেশনা অনুসরণপূর্বক ঔষধ নিয়ন্ত্রণ সংক্রান্ত যাবতীয় কর্মকান্ড পরিচালনা করে থাকে। মান-সম্পন্ন ঔষধ নিশ্চিত করাই ঔষধ প্রশাসনের মূল লক্ষ্য।


বাংলাদেশের ঔষধ শিল্প দ্রুত বিকাশমান একটি শিল্পখাত। এ শিল্পখাত সরকার কর্তৃক প্লাস্ট সেক্টর হিসেবে ঘোষিত। সময়ের সাথে সাথে এর কলেবর বৃদ্ধি পাচ্ছে। দেশে উৎপাদিত ঔষধ দ্বারা দেশের চাহিদার ৯৮% মিটানো সম্ভব হচ্ছে। বাংলাদেশ বর্তমানে ইউরোপ ও আমেরিকাসহ বিশ্বের ১৪৮টি দেশে ঔষধ রপ্তানি করছে। এ শিল্প জীবন রক্ষাকারী ঔষধ উৎপাদন করে স্বাস্থ্য সেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে, পাশাপাশি কর্মসংস্থানের ব্যাপক সুযোগ সৃষ্টি করছে। এ শিল্প দেশের চাহিদার ৯৮ ভাগ ঔষধ উৎপাদনে সক্ষম হওয়ায় বৈদেশিক মুদ্রার সাশ্রয় হচ্ছে এবং অন্যদিকে রপ্তানীর মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন করছে।

ঔষধ প্রশাসনের প্রধান প্রধান কাজগুলোর মধ্যে রয়েছে ঔষধ উৎপাদন কারখানার নতুন প্রকল্প মূল্যায়ন ও অনুমোদন, ঔষধ উৎপাদনের লাইসেন্স প্রদান ও নবায়ন, খুচরা ও পাইকারী ঔষধ বিক্রয় লাইসেন্স প্রদান ও নবায়ন, ঔষধ রপ্তানির জন্য লাইসেন্স প্রদান, ঔষধ ও মেডিকেল ডিভাইসের রেজিস্ট্রেশন প্রদান ও নবায়ন, ঔষধের মূল্য নির্ধারণ ও মূল্য সনদ প্রদান, ঔষধ উৎপাদন কারখানা, বিক্রয়কারী ডিপো এবং ফার্মেসী পরিদর্শন, ঔষধের কাঁচামাল ও মোড়কসামগ্রী আমদানীর জন্য ব্লকলিস্ট অনুমোদন, ঔষধ আমদানীর ক্ষেত্রে ইন্সপেক্ট অনুমোদন, আমদানীকৃত তৈরী ঔষধ ও ঔষধের কাঁচামালের ছাড়পত্র প্রদান, ঔষধের বাজার তদারকি, ঔষধ আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে ড্রাগ কোর্ট, ম্যাজিস্ট্রেট কোর্ট ও মোবাইল কোর্টে মামলা দায়ের এবং ঔষধ উৎপাদন ও বিক্রয়কারী প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিল/সাময়িক বাতিল, ঔষধের রেজিস্ট্রেশন বাতিল/সাময়িক বাতিল, ঔষধ রপ্তানীর নিমিত্তে CPP, FSC ও GMP সার্টিফিকেট প্রদান, ঔষধের বিজ্ঞাপন নিয়ন্ত্রণ, ফার্মাকোভিজিলাপ কন্ট্রোল পরিচালনা ইত্যাদি। এছাড়া ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে শুদ্ধাচার চর্চা, গণশুধাণী আয়োজন, অটোমেশনসহ Annual Performance Agreement (APA) বাস্তবায়ন করা।

তথ্য অধিকার আইন ২০০৯-এর ৬(৩) ধারায় প্রত্যেক কর্তৃপক্ষকে প্রতিবছর একটি প্রতিবেদন প্রকাশের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে এ অধিদপ্তর কর্তৃক ২০১৯-২০২০ অর্থবছরে সম্পাদিত বিভিন্ন কার্যক্রমের তথ্যাদি সমন্বয় করে একটি প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ করা হল। সম্পাদিত কার্যক্রম ছাড়াও জনগণের জ্ঞাতার্থে ঔষধ প্রশাসন অধিদপ্তরে বিভিন্ন কার্যক্রমের আবেদনের সাথে

দাখিলযোগ্য প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা, তথ্য প্রদানকারী কর্মকর্তাদের তালিকা, ঔষধ প্রশাসনের বিভিন্ন জেলা কার্যালয়ের ঠিকানা, অত্যাৱশ্যকীয় ঔষধের তালিকা, সিটিজেন চাটার, এডিআর রিপোর্টিং ফর্মসহ বিভিন্ন তথ্যাদি প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এ প্রতিবেদন হতে জনগণ ঔষধ প্রশাসনের সার্বিক ব্যবস্থাপনা, সেবার ধরণ এবং পরিচালিত কর্মকান্ড সম্পর্কে সন্মাক ধারণা পাবে। প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ঔষধ প্রশাসনের বিগত এক বছরের কর্মকান্ড মূল্যায়নে সহায়ক হবে এবং প্রশাসনের সীমাবদ্ধতা, প্রতিবন্ধকতা ও বিরাজমান সমস্যা চিহ্নিতকরণ এবং উত্তরণের পদক্ষেপ গ্রহণে কার্যকর ভূমিকা রাখবে। ঔষধ প্রশাসনের কর্মকাণ্ডের গতি, মান, স্বচ্ছতা এবং জবাবদিহিতা বৃদ্ধিতে এ প্রতিবেদন দিক নির্দেশনা দেবে এবং আগামী দিনের কর্মপরিকল্পনা প্রণয়নে ভূমিকা রাখবে। এ প্রতিবেদন ঔষধ প্রশাসনকে অধিকতর কার্যকর প্রশাসনিক ব্যবস্থাপনায় উন্নীত করতে সহায়ক হবে বলে আমার বিশ্বাস। আগামী বছরগুলোতে আরও বহুনিষ্ঠভাবে এ প্রতিবেদন প্রকাশে ঔষধ প্রশাসন অধিদপ্তর সচেষ্ট থাকবে।



মেজর জেনারেল মোঃ মাহবুবুর রহমান
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর।



মোঃ মোতাক্কিউর রহমান

পরিচালক প্রশাসন

ঔষধ প্রশাসন অধিদপ্তর

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সম্পাদকীয়

সরকার স্বায়তশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি বা বিদেশী অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বিভিন্ন বেসরকারি সংস্থার কর্মকর্তাদের স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন নিশ্চিতকরণের জন্য তথ্য অধিকার আইন প্রণয়ন করেছে। আইন মোতাবেক তথ্য পাওয়া জনগণের অধিকার। জনগণের জ্ঞাতার্থে স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের অভিপ্রায়ে ঔষধ প্রশাসন অধিদপ্তর প্রতিবছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে থাকে। এরই ধারাবাহিকতায় ২০১৯-২০২০ অর্থ বছরে ঔষধ প্রশাসন কর্তৃক সম্পাদিত কর্মকর্তাদের প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ করা হচ্ছে।

সময়ের সাথে সাথে দেশের ঔষধ শিল্প বিস্তৃত হচ্ছে। দ্রুত বিকাশমান এ শিল্প এবং ক্রমবর্ধমান ঔষধের বাজার নিয়ন্ত্রণে ঔষধ প্রশাসনের কর্মকর্তাদের পরিমিত ও প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। একনিষ্ঠতা, আন্তরিকতা, প্রচেষ্টা, কর্মতৎপরতা ও কঠোর পরিশ্রমের মাধ্যমে ঔষধ প্রশাসনের কর্মকর্তা ও কর্মচারীগণ এ বিশাল কর্মকাণ্ড পরিচালনা করে আসছেন, বিগত বছরে সম্পাদিত কর্মকাণ্ডে প্রতিফলিত হয়েছে। ঔষধ প্রশাসন কর্তৃক বিগত এক বছরে সম্পাদিত সকল কর্মকর্তাদের তথ্যাদি প্রকাশিত প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়াও এ প্রতিবেদনে সিটিজেন চার্টার, তথ্য প্রদানকারী কর্মকর্তাদের তালিকা, ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট, মানব সম্পদ উন্নয়ন বিষয়ক কার্যক্রম, ফার্মাকোভিজিলাপ সংক্রান্ত কার্যক্রম, জাতীয় শূদ্ধাচার কৌশল, ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম, তথ্য প্রযুক্তির ব্যবহার, ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাম্প্রতিক অর্জিত সাফল্য, অধিদপ্তরের সীমাবদ্ধতা ও নিরসনের উপায় এবং ভবিষ্যৎ পরিকল্পনা সন্নিবেশ করা হয়েছে। প্রতিবেদনের পরিশিষ্ট হিসেবে ঔষধ প্রশাসন অধিদপ্তরে বিভিন্ন কার্যক্রমের আবেদনের সাথে দাখিলযোগ্য প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা, স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা, Over The Counter (OTC)/ ঔষধের তালিকা, অত্যাবশ্যকীয় ঔষধের তালিকা, বিভিন্ন ঔষধের খেরাপিউটিক ক্লাসভিত্তিক প্রণীত কোডের তালিকা, ঔষধ রপ্তানীকৃত দেশের তালিকা, অধিদপ্তরের অধীন জেলা কার্যালয়সমূহের তিকানা ও বিভিন্ন কার্যক্রমের ফি-এর তালিকা সন্নিবেশ করা হয়েছে।

ঔষধ প্রশাসনের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ, ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী, ঢাকা, সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী, চট্টগ্রাম প্রতি মাসের সম্পাদিত কর্মকর্তাদের প্রতিবেদন (হার্ড ও সফটকপি) ঔষধ প্রশাসন অধিদপ্তরে প্রেরণ করে থাকে, উক্ত প্রতিবেদনের কপি অধিদপ্তরের তথ্য কোষে সংরক্ষণ করা হয়। এছাড়াও প্রধান কার্যালয়ের বিভিন্ন শাখা কর্তৃক সম্পাদিত কর্মকর্তাদের ডাটা/উপাত্ত(প্রদানের কপি) নিয়মিত তথ্য কোষে সংরক্ষণ করা হয়। অধিদপ্তরের প্রশাসন ও হিসাব শাখা হতে সংগৃহীত তথ্যাদিও তথ্যকোষে সংরক্ষণ করা হয়।

তথ্যকোষে সংরক্ষিত তথ্যাদি হতে ২০১৯-২০২০ অর্থ বছরে বিভিন্ন তথ্যাদি এ প্রতিবেদনে সন্নিবেশিত হয়েছে। ঔষধ প্রশাসনের কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক প্রেরিত/সরবরাহকৃত তথ্যের ভিত্তিতেই প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। তাদের সহযোগিতা ছাড়া এ তথ্যসমূহ প্রতিবেদনটি প্রণয়ন করা সম্ভব হতো না। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে প্রতিবেদন প্রণয়নে সহায়তা প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি।

অধিদপ্তরের মহাপরিচালক প্রতিবেদনটি প্রণয়ন ও প্রকাশের বিষয়ে দিক নির্দেশনা দিয়েছেন, পরামর্শ দিয়েছেন, উৎসাহ ও প্রেরণা যুগিয়েছেন। প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশে মহাপরিচালক মহোদয়ের আন্তরিক সহযোগিতা এবং পরামর্শের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। এ বার্ষিক প্রতিবেদন প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

প্রতিবেদনটি নির্ভুলভাবে প্রণয়নে আন্তরিকতা ও প্রচেষ্টার ঘাটতি ছিল না, তারপরও আশ্রিত থেকে যেতেই পারে। জনগণ ও সকল স্টেকহোল্ডারদের গঠনমূলক সমালোচনা ও পরামর্শ প্রত্যাশা করছি। পরামর্শ পেলে আগামী বছরগুলোতে আরও শৃঙ্খলিত বস্তুনিষ্ঠ প্রতিবেদন প্রণয়ন সম্ভব হবে।

মোঃ মোতাক্কিউর রহমান

পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন

ঔষধ প্রশাসন অধিদপ্তর।

সূচীপত্র

১	ভূমিকা	১
২	ঔষধ প্রশাসন অধিদপ্তরের পটভূমি ও প্রতিষ্ঠা	১
৩	ঔষধ প্রশাসন অধিদপ্তরের জনবল কাঠামো/ হিউমান রিসোর্স	১
৩.১	ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদিত ও কর্মরত জনবলের তথ্যাদি	১
৩.২	জনবলের পদোন্নতি	২
৩.৩	ঔষধ প্রশাসন অধিদপ্তরে কর্মরত জনবলের প্রশিক্ষণ কার্যক্রম	২
৪	ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যাবলী	২
৫	সিটিজেন চার্টার	৩
৬	ঔষধ প্রশাসন অধিদপ্তরের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া	৫
৭	জাতীয় ঔষধ নীতি অনুমোদন	৬
৮	ঔষধ প্রশাসন কর্তৃক বিভিন্ন গাইডলাইন প্রণয়ন	৬
৯	২০১৯-২০২০ অর্থ বছরে ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন ক্ষেত্রে অর্জিত সাফল্য	৬
১০	COVID 19 সংক্রমণ প্রতিরোধে ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যক্রম	২৩
১১	ফাংশনাল রেগুলেটরি অথরিটি	২৬
১২	ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ২০১৯-২০২০ অর্থ বছরে সম্পাদিত কার্যাবলী	২৭
১৩	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিসংখ্যান	২৭
১৪	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকাণ্ড	২৭
১৪.১	২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত খুচরা ড্রাগ লাইসেন্স নবায়নের তুলনামূলক পরিসংখ্যান	২৭
১৪.২	২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত পরিদর্শনকৃত ফার্মেসীর পরিসংখ্যান	২৮
১৪.৩	২০১২ হতে ২০১৯-২০২০ সাল পর্যন্ত পরিদর্শনকৃত ঔষধ প্রস্তুতকারী কারখানার তুলনামূলক পরিসংখ্যান (একাধিকবার পরিদর্শনসহ)	২৮
১৪.৪	ড্রাগ কোর্ট, ম্যাজিস্ট্রেট কোর্ট ও সোবাইল কোর্টে দায়েরকৃত মামলার বিবরণ	২৯
১৪.৫	২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত দায়েরকৃত মামলার তুলনামূলক পরিসংখ্যান	৩০
১৪.৬	২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত পরীক্ষা ও বিশ্লেষণের নিমিত্তে ড্রাগ টেস্টিং ল্যাবরেটরীতে প্রেরিত ঔষধের নমুনার তুলনামূলক পরিসংখ্যান	৩০
১৪.৭	২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত রাজস্ব আদায়ের তুলনামূলক পরিসংখ্যান	৩১
১৪.৮	২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী, ঢাকা কর্তৃক প্রাপ্ত নমুনা পরীক্ষা ও বিশ্লেষণ এর তুলনামূলক পরিসংখ্যান	৩১
১৪.৯	সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী, চট্টগ্রাম কর্তৃক প্রাপ্ত নমুনা এবং পরীক্ষা ও বিশ্লেষণ সংক্রান্ত বিবরণী	৩২
১৪.১০	২০১৯-২০২০ অর্থ বছরে ঔষধ রপ্তানীর জন্য ইস্যুকৃত CPP (Certificate of Pharmaceutical Product), রপ্তানী লাইসেন্স Form-10 A, GMP (Good Manufacturing Practices) সার্টিফিকেট, FSC (Free Sale Certificate) এর পরিসংখ্যান	৩২

১৪.১১	DGDA Alert Notice	৩৩
১৫	তথ্য অধিকার আইন অনুযায়ী সরবরাহকৃত তথ্যের বিবরণী	৩৪
১৬	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মানব সম্পদ উন্নয়ন কার্যক্রম	৩৪
১৬.১	দেশে প্রশিক্ষণ কর্মশালা: ২০১৯-২০২০	৩৪
১৬.২	বিদেশে প্রশিক্ষণ কর্মশালা: ২০১৯-২০২০	৩৭
১৭	ঔষধের নিরাপত্তা (Safety) ও ফার্মাকোভিজিলাস	৪০
১৮	Risk-based Post-Marketing Surveillance of Medicines by DGDA	৫০
১৯	বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক (২০১৯-২০২০)	৫১
২০	সেবা পদ্ধতি সহজিকরণ	৫২
২১	জাতীয় শূদ্ধাচার কৌশল	৫৩
২২	২০১৯-২০২০ অর্থবছরে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক শূদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্য যে সব কর্মকান্ড পরিচালিত হয়	৫৪
২৩	তথ্য প্রযুক্তির ব্যবহার	৫৬
২৩.১	Content of web-site	৫৭
২৪	ভবিষ্যৎ পরিকল্পনা	৫৮
২৫	উপসংহার	৫৯

পরিশিষ্ট

পরিশিষ্ট-কঃ	ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের আবেদনের সাথে দাখিলযোগ্য প্রয়োজনীয় কাগজপত্রাদিরতালিকা	৬০
ক.১	ঔষধ উৎপাদন কারখানা স্থাপনের নিমিত্তে নতুন প্রকল্প অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৬০
ক.২	উৎপাদনের জন্য প্রচলিত অ্যালোপ্যাথিক ঔষধের রেসিপি অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৬০
ক.৩	আইএনএন (INN) তালিকাকৃত পদের নমুনা পরীক্ষা ও বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬১
ক. ৪	নতুন অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স ইস্যুর জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬১
ক. ৫	অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সে পদ অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬১
ক.৬	মোড়কসামগ্রী অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৬২
ক.৭	দেশে উৎপাদিত ও মূল্য নিয়ন্ত্রিত তালিকাকৃত অ্যালোপ্যাথিক ঔষধের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ/মূল্য নিয়ন্ত্রণ তালিকা বহির্ভূত ঔষধের ভ্যাট প্রদানের নিমিত্তে নির্দেশক মূল্য সনদের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬২
ক.৮	ঔষধ উৎপাদনের নিমিত্তে আমদানীকৃত কাঁচামাল/প্যাকিং ম্যাটেরিয়াল-এর ব্লকলিষ্ট অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬২
ক.৯	অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়নের নিমিত্তে প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৩
ক.১০	অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স এর মালিকানা পরিবর্তন/স্থানান্তরের নিমিত্তে প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৩
ক.১১	বিদেশী ঔষধের রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৪
ক.১২	ব্লাড ব্যাগ, নিডলসসহ সার্জিক্যাল ইকুইপমেন্ট ও মেডিকেল ডিভাইসেস আমদানীর আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৪
ক.১৩	আমদানীকৃত ঔষধের ইনডেন্ট/প্রোফরমা ইনভয়েস অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৫
ক. ১৪	আমদানীকৃত কাঁচামাল/প্রস্তুতকৃত ঔষধের ছাড়পত্রের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৫
ক. ১৫	আমদানীকৃত ঔষধের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ/পুনঃনির্ধারণের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৫
ক. ১৬	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধের রেসিপি অনুমোদনের জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি/তথ্যাদি	৬৫
ক. ১৭	নতুন ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্স ইস্যুর জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি	৬৬
ক. ১৮	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধের মোড়ক সামগ্রী অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৬৬
ক. ১৯	ইউনানী/ আয়ুর্বেদিক/ হার্বাল ঔষধের অনুমোদিত রেসিপি-এর নমুনা পরীক্ষা ও বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/ তথ্যাদি	৬৬
ক.২০	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্সে পদ অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি	৬৬
ক.২১	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি	৬৭
ক.২২	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা হস্তান্তরের পূর্বনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/ তথ্যাদি	৬৭

ক.২৩	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদন কারখানা স্থানান্তর অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৭
ক.২৪	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৮
ক.২৫	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা পরিবর্তনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৮
ক.২৬	হোমিওপ্যাথিক ঔষধের রেসিপি অনুমোদনের জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি/তথ্যাদি	৬৮
ক.২৭	নতুন হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স ইস্যুর জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি	৬৮
ক.২৮	হোমিওপ্যাথিক ঔষধের অনুমোদিত রেসিপি এর নমুনা পরীক্ষা ও বিশ্লেষণের জন্য প্রয়োজনীয়	৬৯
ক.২৯	হোমিওপ্যাথিক ঔষধের মোড়ক সামগ্রী অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৬৯
ক.৩০	হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সে পদ অত্রুতির জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি	৬৯
ক.৩১	হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি	৬৯
ক.৩২	হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা হস্তান্তরের পূর্বনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৭০
ক.৩৩	হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন কারখানা স্থানান্তর অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭০
ক.৩৪	হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৭০
ক.৩৫	হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা পরিবর্তনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭০
ক.৩৬	হোমিওপ্যাথিক কাঁচামাল আমদানীর রকলিস্ট অনুমোদনের নিমিত্তে প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৭১
ক.৩৭	হোমিওপ্যাথিক ঔষধ আমদানীর অনুমোদনের নিমিত্তে প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৭১
ক.৩৮	ঔষধ রপ্তানির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭১
ক.৩৯	নতুন খুচরা অ্যালোপ্যাথিক/ আয়ুর্বেদিক/ ইউনানী/ হোমিওপ্যাথিক ও বায়োকেমিক/ হারবাল ড্রাগ লাইসেন্সের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭২
ক.৪০	খুচরা অ্যালোপ্যাথিক/ আয়ুর্বেদিক/ ইউনানী/ হোমিওপ্যাথিক ও বায়োকেমিক/ হারবাল ড্রাগ লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭২
ক.৪১	নতুন পাইকারী অ্যালোপ্যাথিক/ আয়ুর্বেদিক/ ইউনানী/ হোমিওপ্যাথিক/ হারবাল ড্রাগ লাইসেন্স এর জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭২
ক.৪২	মেডিকেল ডিভাইস গাইড লাইন-২০১৫ মোতাবেক মেডিকেল ডিভাইস এর রেসিপি অনুমোদন ও রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭৩
ক.৪৩	Application checklist for permission for Manufacture & import of Medical devices	৭৪
ক. ৪৪	Criteria for CRO/Clinical Trial Centre	৭৫
পরিশিষ্ট-খঃ	ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তাদের দায়িত্ব (জব ডেসক্রিপশন)	৭৬
পরিশিষ্ট-গঃ	ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তাদের নাম, কার্যালয়ের নাম ও পদবী	৭৯
পরিশিষ্ট-ঘঃ	তথ্য প্রদানকারী কর্মকর্তাদের তালিকা	৮২
পরিশিষ্ট-ঙঃ	স্বপ্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা	৮৫
পরিশিষ্ট-চঃ	অত্যাবশ্যকীয় ঔষধের তালিকা (অ্যালোপ্যাথিক)	৮৯

পরিশিষ্ট-৬ঃ	অত্যাৱশ্যকীয় আয়ুর্বেদিক ঔষধের তালিকা	৯৯
পরিশিষ্ট-জঃ	অত্যাৱশ্যকীয় ইউনানী ঔষধের তালিকা	১০১
পরিশিষ্ট-ঝঃ	অত্যাৱশ্যকীয় হোমিওপ্যাথিক ঔষধের তালিকা	১০৬
পরিশিষ্ট-ঞঃ	ব্যৱস্থাপত্রবিহীন ঔষধের তালিকা(আলোপ্যাথিক)	১১০
পরিশিষ্ট-টঃ	ব্যৱস্থাপত্রবিহীন ঔষধের তালিকা (আয়ুর্বেদিক)	১১১
পরিশিষ্ট-ঠঃ	ব্যৱস্থাপত্রবিহীন ঔষধের তালিকা (ইউনানী)	১১২
পরিশিষ্ট-ডঃ	ঔষধ রপ্তানীকৃত দেশের তালিকা	১১৫
পরিশিষ্ট-ঢঃ	ASSIGNED CODE AGAINST THERAPEUTIC CLASS OF DRUG	১১৭
Annexure-3	Application checklist for permission for Manufacture & Import of Medical Devices	১১৯
পরিশিষ্ট-ণঃ	ঔষধ প্রশাসন অধিদপ্তরের আওতাধীন জেলা কার্যালয় ও পরীক্ষাগারসমূহের ঠিকানা	১২০
পরিশিষ্ট-তঃ	ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের নির্ধারিত ফি	১২৩

১। ভূমিকাঃ

ঔষধ প্রশাসন অধিদপ্তর দেশের ঔষধ নিয়ন্ত্রণের একমাত্র সরকারি প্রতিষ্ঠান। ঔষধ প্রশাসন অধিদপ্তর জাতীয় ঔষধ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে অভিহিত। এ প্রতিষ্ঠানের মূল লক্ষ্য মানসম্পন্ন, নিরাপদ ও কার্যকর ঔষধ উৎপাদন, আমদানী, বিক্রয়, বিতরণ এবং ঔষধের যৌক্তিক ব্যবহার নিশ্চিত করা। ঔষধ নিয়ন্ত্রণের ক্ষেত্রে The Drug Act 1940, ড্রাগ বুলস-১৯৪৫, বেঙ্গল ড্রাগ বুলস-১৯৪৬, ড্রাগ (কন্ট্রোল) অর্ডিন্যান্স-১৯৮২ ও ইহার এ্যামেন্ডমেন্ট এবং জাতীয় ঔষধ নীতি-২০১৬ এবং সরকার কর্তৃক বিভিন্ন সময়ে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা হয়।

ঔষধ প্রশাসনের অন্যতম কার্যক্রম যথা- ঔষধ উৎপাদন কারখানার নতুন প্রকল্প মূল্যায়ন ও অনুমোদন, ঔষধ প্রস্তুতের জন্য লাইসেন্স প্রদান ও নবায়ন, খুচরা ও পাইকারী ঔষধ বিক্রয় লাইসেন্স প্রদান ও নবায়ন, ঔষধের রেজিস্ট্রেশন প্রদান ও নবায়ন, ঔষধের মূল্য নির্ধারণ ও মূল্য সনদ প্রদান, ঔষধের কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানীর জন্য ব্লকলিস্ট অনুমোদন, ঔষধ আমদানীর ক্ষেত্রে ইন্ডেন্ট অনুমোদন, আমদানীকৃত তৈরী ঔষধ ও ঔষধের কাঁচামালের ছাড়পত্র প্রদান, ঔষধ রপ্তানির জন্য লাইসেন্স, (Form 10-A), Certificate of Pharmaceutical Product (CPP)/Free Sale Certificate (FSC) ও Good Manufacturing Practice (GMP) সার্টিফিকেট প্রদানের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট, প্রশাসনের জন্য বরাদ্দকৃত বাৎসরিক বাজেট, বিগত বৎসরে সম্পাদিত কার্যক্রমের বিবরণী, প্রশাসনের জনবলের তথ্যাদি অন্তর্ভুক্ত করে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

ঔষধের মত জীবন রক্ষাকারী পণ্য ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট পেশাজীবী এবং জনগণ যাতে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারে, ঔষধ এবং ঔষধের নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কে সম্যক ধারণা পেতে পারে, দেশে উৎপাদিত, আমদানীকৃত ও বাজারজাতকৃত ঔষধের উপর মানুষের ধারণা স্পষ্ট হয়, আস্থা প্রতিষ্ঠিত হয় সে জন্য ঔষধ নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান সম্পর্কে এবং ঔষধ সংক্রান্ত তথ্যাদি মানুষের নিকট সহজলভ্য হওয়া প্রয়োজন। তথ্য পাওয়া জনগণের আইনগত অধিকার, সে লক্ষ্যেই বিগত বছরগুলোর মতোই ঔষধ প্রশাসন অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থ বছরের সম্পাদিত কর্মকান্ডের প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গৃহীত হয়।

২। ঔষধ প্রশাসন অধিদপ্তরের পটভূমি ও প্রতিষ্ঠাঃ

১৯৭১ সালের পূর্বে ঔষধ প্রশাসন ছিল পাকিস্তান কেন্দ্রীয় সরকার পরিচালিত একটি দপ্তর। ১৯৭১ সালের পর এটি স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের একটি সংযুক্ত বিভাগ হিসেবে কার্যক্রম চালাচ্ছিল। ১৯৭৪ সালে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঔষধ প্রশাসন একটি আলাদা পরিদপ্তরে পরিণত হয়। সর্বশেষ ২০১০ সালে ঔষধ প্রশাসন পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঔষধ প্রশাসন অধিদপ্তর দেশের ঔষধ নিয়ন্ত্রণের একমাত্র লাইসেন্সিং ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ। ঔষধ প্রশাসন বিদ্যমান ঔষধ আইন, ঔষধনীতি ও সরকারের দিক নির্দেশনা প্রয়োগ ও অনুসরণপূর্বক ঔষধ নিয়ন্ত্রণ সংক্রান্ত সকল কর্মকান্ড পরিচালনা করে থাকে।

ঔষধ প্রশাসন অধিদপ্তরের অর্গানোগ্রামে মোট ৬৮০ টি পদ রয়েছে। এর মধ্যে ২৬২ টি প্রথম শ্রেণীর পদ, ৬৪ টি দ্বিতীয় শ্রেণীর পদ, ২০৩ টি তৃতীয় শ্রেণীর পদ এবং ১৫১ টি চতুর্থ শ্রেণীর পদ রয়েছে। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রধান এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ (ড্রাগস) হিসেবে ক্ষমতাপ্রাপ্ত। ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রধান কার্যালয় মহাখালী, ঢাকায় অবস্থিত এবং জেলা ও বিভাগ পর্যায়ে এর অধীনস্থ ৫৪ টি জেলা ও ২টি বিভাগীয় কার্যালয় রয়েছে। ঔষধ প্রশাসন অধিদপ্তরের আওতাভুক্ত ন্যাশনাল ড্রাগ কন্ট্রোল ল্যাবরেটরী, মহাখালী, ঢাকা এবং সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী, চট্টগ্রামে দুটি টেস্টিং ল্যাবরেটরী রয়েছে।

৩। ঔষধ প্রশাসন অধিদপ্তরের জনবল কাঠামো/হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টঃ

৩.১। ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদিত ও কর্মরত জনবলের তথ্যাদিঃ

(ক) ২০১০ সালে ঔষধ প্রশাসন পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করার সময় একজন মহাপরিচালক ও চারজন পরিচালক এর পদ সৃজনসহ অতিরিক্ত ১৫০ জনবল বরাদ্দকরতঃ মোট জনবল ৩৭০ জনে উন্নীত করা হয়।

(খ) বিগত ১০.০৮.২০১৭ সালে স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন জনস্বাস্থ্য ইনস্টিটিউট এর সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত ডিটিএল (ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী) শাখার ৬০টি পদ জনবলসহ ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত করা হয়।

(গ) ড্রাগ টেস্টিং ল্যাবরেটরীকে ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরীতে রূপান্তরিত নিমিত্তে ২০১৭ সালে ৬২টি নতুন পদ সৃজন করা হয়।

(ঘ) ২০১৮ সালে ঔষধ প্রশাসন অধিদপ্তরের জন্য তিন ফেইজ আরো ২২৮টি পদ সৃষ্টি করা হয় যার মধ্যে ২০১৯-২০২০ অর্থবছরে ১২৬টি এবং ২০২০-২০২১ অর্থবছরে ৬৩ পদ সৃজনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মঞ্জুরী প্রদান করা হয়।

(ঙ) বর্তমানে ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে ৭২০টি পদ রয়েছে (আউট সোসিং পদসহ)।

বর্তমানে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও শূন্য পদের তথ্যাদি নিম্নরূপঃ

শ্রেণী	অনুমোদিত পদ	কর্মরত	শূন্য পদ
১ম	২৬২	৮৮	১৭৪
২য়	৬৪	১৪	৫০
৩য়	২০৩	১২১	৮২
৪র্থ	১৫১ (আউট সোর্সিং ৭৫)	১৩৬	১৫
মোট	৬৮০	৩৫৯	৩২১

৩.২। জনবলের পদোন্নতিঃ

জনবলের নিয়মিত পদোন্নতি কার্যক্রম চলমান থাকলে কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কর্মস্পৃহা তৈরী হয় এবং সেই সাথে কাজের কোয়ালিটি ও গতিশীলতা বৃদ্ধি পায়। বর্তমান সরকার জনবলের পদোন্নতি ও শূন্য পদ পূরণে সদা সচেষ্ট ভূমিকা রেখে আসছে।

ক) ০৩.০৩.২০২০ তারিখে ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তাদের মধ্য থেকে ০৮ জন কর্মকর্তাকে উপপরিচালক এবং ৪৪ জন কর্মকর্তাকে সহকারী পরিচালক পদে এবং ২৫/০৮/২০২০ তারিখে ০৩ জন কর্মকর্তাকে ঔষধ পরিদর্শক হতে ঔষধ তত্ত্বাবধায়ক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

খ) ১৭/১১/২০২০ তারিখ ২৬ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে।

৩.৩। ঔষধ প্রশাসন অধিদপ্তরে কর্মরত জনবলের প্রশিক্ষণ কার্যক্রমঃ

ঔষধ উৎপাদন ও এর মান-নিয়ন্ত্রণে যেমন উন্নত প্রযুক্তির প্রয়োজন হয় তেমনি শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন দক্ষ জনবলের প্রয়োজন হয়। সময়ের পরিক্রমায় সারা পৃথিবীতে নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবিত হচ্ছে। ঔষধ শিল্পে নিয়োজিত যোগ্য জনবলকে নিয়মিতভাবে cGMP Concept অনুসরণপূর্বক ঔষধ উৎপাদনে পারদর্শী করে গড়ে তোলার লক্ষ্যে ঔষধ প্রশাসনের ব্যবস্থাপনায় এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার আর্থিক সহায়তায় বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত কোয়ালিফাইড পার্সনদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত আছে।

জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ডাগ রেগুলেটরী অথোরিটির সহযোগিতায় এ অধিদপ্তরে কর্মকর্তাগণ নিয়মিতভাবে ইউরোপসহ জাপান, কোরিয়া, ইন্ডিয়াতে প্রশিক্ষণ গ্রহণ করেছে এবং প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে।

৪। ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যাবলীঃ

বর্তমানে দেশে ২০৯ টি অ্যালোপ্যাথিক ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান প্রায় ৪৬৫০.৭৫ মিলিয়ন টাকার ঔষধ ও ঔষধের কাঁচামাল তৈরী করে। এছাড়া দেশের ২৬২ টি ইউনানী ও ১৮৫ টি আয়ুর্বেদিক এবং ৬৪ টি হোমিওপ্যাথিক ও ৩৬ টি হার্বাল ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান প্রায় ৯৬০ কোটি টাকার ঔষধ উৎপাদন করে থাকে। দেশে ১৫৫৫৮৯ টি লাইসেন্সধারী ঔষধ বিক্রয়ের ফার্মেসী রয়েছে। বিধি মোতাবেক এসব ঔষধ প্রস্তুতকারী ও বিক্রয়কারী প্রতিষ্ঠানের যাবতীয় কর্মকান্ড নিয়ন্ত্রণ ও মনিটরিং এর দায়িত্ব ঔষধ প্রশাসন অধিদপ্তর পালন করে থাকে।

উল্লেখযোগ্য কার্যক্রমঃ

- ১। ঔষধ উৎপাদন কারখানা স্থাপনের নতুন প্রকল্প অনুমোদন।
- ২। উৎপাদনের জন্য প্রচলিত অ্যালোপ্যাথিক ঔষধের পদ রেজিস্ট্রেশনের প্রাথমিক আবেদন অনুমোদন।
- ৩। আইএনএন তালিকাভুক্ত পদের Pre-registration নমুনা পরীক্ষা ও বিশ্লেষণ।
- ৪। নতুন অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স ইস্যু।
- ৫। অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স পদ অন্তর্ভুক্তি/রেজিস্ট্রেশন/মার্কেটিং অথরাইজেশন প্রদান।
- ৬। অ্যালোপ্যাথিক ঔষধের মোড়কসামগ্রী অনুমোদন।
- ৭। দেশে উৎপাদিত ও মূল্য নিয়ন্ত্রিত তালিকাভুক্ত অ্যালোপ্যাথিক ঔষধের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণসহ MRP Certificate প্রদান/মূল্য নিয়ন্ত্রণ তালিকা বহির্ভূত ঔষধের ভ্যাট প্রদানের নিমিত্তে নির্দেশক মূল্য সনাদ প্রদান।
- ৮। ঔষধ উৎপাদনের নিমিত্তে আমদানীকৃত কাঁচামাল/প্যাকেজিং ম্যাটেরিয়াল-এর ব্লকলিফ্ট অনুমোদন।

- ৯। অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়ন।
- ১০। অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা পরিবর্তন/স্থানান্তর/নাম পরিবর্তন অনুমোদন।
- ১১। আমদানির নিমিত্তে ঔষধের রেজিস্ট্রেশন প্রদান।
- ১২। আমদানীকৃত ঔষধের ইনডেন্ট/প্রোফরমা ইনভয়েস অনুমোদন।
- ১৩। আমদানীকৃত কীচামাল/প্রত্নতকৃত ঔষধের ছাড়পত্র প্রদান।
- ১৪। আমদানীকৃত ঔষধের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ/পূর্ণনির্ধারণ।
- ১৫। ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল/হোমিওপ্যাথি ঔষধের প্রাথমিক রেজিস্ট্রেশনের আবেদন অনুমোদন।
- ১৬। নতুন ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল/হোমিওপ্যাথি ঔষধ উৎপাদন লাইসেন্স ইস্যুকরণ।
- ১৭। ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল/হোমিওপ্যাথি ঔষধের মোড়কসামগ্রী অনুমোদন।
- ১৮। ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল/হোমিওপ্যাথি ঔষধের অনুমোদিত প্রাথমিক রেজিস্ট্রেশনের আবেদন-এর নমুনা পরীক্ষা ও বিশ্লেষণ।
- ১৯। ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল/হোমিওপ্যাথি ঔষধ উৎপাদন লাইসেন্সে পদ অন্তর্ভুক্তি/রেজিস্ট্রেশন প্রদান।
- ২০। ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল/হোমিওপ্যাথি ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়ন।
- ২১। স্বাস্থ্য মালিকানাধীন ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা হস্তান্তরের পূর্বনুমোদন প্রদান।
- ২২। ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল/হোমিওপ্যাথি ঔষধ উৎপাদন কারখানা স্থানান্তর অনুমোদন।
- ২৩। ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল/হোমিওপ্যাথি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম পরিবর্তন অনুমোদন।
- ২৪। ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল/হোমিওপ্যাথি ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা পরিবর্তন অনুমোদন।
- ২৫। হোমিওপ্যাথিক ঔষধের কীচামাল আমদানীর ব্লকলিস্ট অনুমোদন।
- ২৬। হার্বাল ঔষধের কীচামাল আমদানীর ব্লকলিস্ট অনুমোদন।
- ২৭। হোমিওপ্যাথিক ঔষধ আমদানীর Indent অনুমোদন।
- ২৮। ঔষধ রপ্তানির নিমিত্তে CPP, FSC, Form-10A ও GMP সনদ ইস্যুকরণ।
- ২৯। নতুন খুচরা অ্যালোপ্যাথিক/আয়ুর্বেদিক/ইউনানী/হোমিওপ্যাথিক ড্রাগ লাইসেন্স প্রদান।
- ৩০। নতুন পাইকারী অ্যালোপ্যাথিক/আয়ুর্বেদিক/ইউনানী/হোমিওপ্যাথিক ড্রাগ লাইসেন্স প্রদান।
- ৩১। ফার্মাকোভিজিলেন্স সংক্রান্ত কার্যক্রম পরিচালনা।
- ৩২। ঔষধ প্রশাসনের কর্মকর্তা পরিচালনায় Digital (Automation) পদ্ধতির প্রয়োগ।
- ৩৩। ঔষধের খুচরা ও পাইকারী দোকানসহ ডিপো এবং ঔষধ প্রত্নতকারী প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন।
- ৩৪। পরীক্ষা ও বিশ্লেষণের নিমিত্তে ঔষধের নমুনা উত্তোলন।
- ৩৫। ঔষধ আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে ড্রাগ কোর্ট, ম্যাজিস্ট্রেট কোর্ট ও মোবাইল কোর্টে মামলা দায়ের।
- ৩৬। আমদানীকৃত কীচামালের Source Validation করা।
- ৩৭। ঔষধের Clinical trial পরিচালনার জন্য CRO ও Protocol অনুমোদন।
- ৩৮। মেডিকেল ডিভাইসের রেজিস্ট্রেশন প্রদান, মূল্য নির্ধারণ।
- ৩৯। Vaccine - এর Lot release প্রদান করা।
- ৪০। ঔষধের ফার্মেসীকে মডেল ফার্মেসী/মডেল মেডিসিন শপ - এ উন্নীতকরণ।
- ৪১। ঔষধের বিজ্ঞাপন অনুমোদন।
- ৪২। Test analysis, Research/ব্যক্তিগত ব্যবহার, বিশেষ প্রয়োজনে ঔষধ ও ঔষধের কীচামালের NOC প্রদান।
- ৪৩। আইন লঙ্ঘনকারীদের লাইসেন্স সাময়িক বাতিল/বাতিল করা, রেজিস্ট্রেশন সাময়িক বাতিল/বাতিল করা।
- ৪৪। দেশের জরুরী প্রয়োজনে ঔষধ/ ড্রাগসিন/ মেডিকেল ডিভাইসের EUA (Emergency use Authorization) প্রদান।

৫। সিটিজেন চার্টার :

১. ভিশন ও মিশন

বুপকল্প (Vision): নিরাপদ, কার্যকর ও মানসম্পন্ন ঔষধ নিশ্চিত করা।

অভিলক্ষ্য (Mission): কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে নিরাপদ, কার্যকর ও মান-সম্পন্ন ঔষধ সহজলভ্যতা নিশ্চিতকরণ; মানব ও প্রাণী সম্পদ/স্বাস্থ্য সুরক্ষা করা।

২. প্রতিশ্রুত সেবাসমূহ (নাগরিক সেবা) :

ক্রমিক নং	সেবা	সেবা গ্রহণকারী	সম্পাদনের সময়সীমা (পূর্ণাঙ্গ প্রত্যক্ষ প্রাপ্তির পর)
১.	ঔষধের নতুন কারখানা স্থাপনের প্রকল্প প্রস্তাব মূল্যায়ন করা।	বিনিয়োগকারী	১২০ কর্ম দিবস
২.	জৈব ও অজৈব ঔষধ প্রস্তুতকরণ লাইসেন্স প্রদান।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	১২০ কর্ম দিবস
৩.	জৈব ও অজৈব ঔষধ প্রস্তুতকরণ লাইসেন্স নবায়ন।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	৯০ কর্ম দিবস
৪.	ইউনানী, আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক ও হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্স প্রদান।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	১২০ কর্ম দিবস
৫.	ইউনানী, আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক ও হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়ন।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	৬০ কর্ম দিবস
৬.	ঔষধের প্রাথমিক রেজিস্ট্রেশনের আবেদন অনুমোদন, প্রচলিত ঔষধ (বিদ্যমান ঔষধ)	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	৯০ কর্ম দিবস
৭.	নতুন ঔষধের প্রাথমিক রেজিস্ট্রেশনের আবেদন অনুমোদন।	ঔষধ উৎপাদনকারী ও আমদানীকারী প্রতিষ্ঠান	১২০ কর্ম দিবস
৮.	ঔষধের কীচামাল ও মোড়ক দ্রব্যাদি আমদানির ব্লকলিফ্টের পূর্বনুমোদন প্রদান।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	৩০ কর্ম দিবস
৯.	অনুমোদিত প্রাথমিক রেজিস্ট্রেশনের আবেদন নতুন পরীক্ষার জন্য পরীক্ষাগারে প্রেরণের ব্যবস্থা গ্রহণ।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	০৭ কর্ম দিবস
১০.	লেবেল, কার্টন ও ইনসার্ট অনুমোদন করা	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	২০ কর্ম দিবস
১১.	ঔষধ প্রস্তুতকরণের লাইসেন্সে নতুন ঔষধ নিবন্ধন	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	৬০ কর্ম দিবস
১২.	আমদানীকৃত ঔষধ, ঔষধের কীচামাল ও প্যাকিং ম্যাটেরিয়াল কাস্টমস্ কর্তৃপক্ষের নিকট হতে ছাড় করার প্রত্যয়ন পত্র প্রদান।	ঔষধ আমদানীকারক ও উৎপাদনকারী প্রতিষ্ঠান	০৫ কর্ম দিবস
১৩.	ঔষধের সর্বোচ্চ খুচরা নির্দেশক মূল্য অনুমোদন করা।	ঔষধ আমদানীকারক ও উৎপাদনকারী প্রতিষ্ঠান	৩০ কর্ম দিবস
১৪.	ঔষধ আমদানীর রেজিস্ট্রেশন প্রদান।	ঔষধ আমদানীকারক	৯০ কর্ম দিবস
১৫.	ঔষধ আমদানীর রেজিস্ট্রেশন নবায়ন।	ঔষধ আমদানীকারক	৬০ কর্ম দিবস
১৬.	ঔষধ রপ্তানির লাইসেন্স প্রদান।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	০৫ কর্ম দিবস
১৭.	বিদেশ হতে ঔষধ আমদানীর পূর্বনুমোদন প্রদান।	ঔষধ আমদানীকারক	৪০ কর্ম দিবস
১৮.	বিদেশে ঔষধ রপ্তানির CPP/FSC প্রদান।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	০৭ কর্ম দিবস
১৯.	GMP সনদ প্রদান।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	৯০ কর্ম দিবস
২০.	ঔষধের বিজ্ঞাপন অনুমোদন।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	৩০ কর্ম দিবস
২১.	পাইকারী ঔষধ বিক্রয়ের লাইসেন্স প্রদান।	ঔষধ ব্যবসায়ী	৩০ কর্ম দিবস
২২.	পাইকারী ঔষধ বিক্রয়ের লাইসেন্স নবায়ন।	ঔষধ ব্যবসায়ী	০৫ কর্ম দিবস
২৩.	খুচরা ঔষধ বিক্রয়ের লাইসেন্স প্রদান।	ঔষধ ব্যবসায়ী	৯০ কর্ম দিবস
২৪.	খুচরা ঔষধ বিক্রয়ের লাইসেন্স নবায়ন।	ঔষধ ব্যবসায়ী	০৭ কর্ম দিবস
২৫.	প্রমোশনাল মেটেরিয়াল অনুমোদন।	ঔষধ আমদানীকারক ও উৎপাদনকারী প্রতিষ্ঠান	৩০ কর্ম দিবস
২৬.	কীচামালের সোর্স ভ্যালিডেশন।	ইন্ডেন্টর/ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	৪৫ কর্ম দিবস
২৭.	ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা হস্তান্তরের পূর্বনুমোদন।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	২০ কর্ম দিবস
২৮.	ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা পরিবর্তন।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	৯০ কর্ম দিবস

৬। ঔষধ প্রশাসন অধিদপ্তরের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াঃ

ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সকল ধরনের সিদ্ধান্ত নিম্নলিখিত প্রক্রিয়ায় সম্পন্ন হয়ঃ



ঔষধ পরিদর্শক/ ঔষধ তত্ত্বাবধায়ক/ সহকারী পরিচালকগণ লাইসেন্সিং কর্তৃপক্ষের পক্ষে ঔষধ বিক্রয় লাইসেন্স ইস্যু ও নবায়ন করে থাকে।

ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিম্নলিখিত কমিটিগুলো সহায়তা প্রদান করে থাকে:-

- ১) ঔষধ নিয়ন্ত্রণ কমিটি।
- ২) ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব-কমিটি।
- ৩) নতুন ঔষধ শিল্প স্থাপনের জন্য প্রকল্প মূল্যায়ন কমিটি।
- ৪) ঔষধের মূল্য নির্ধারণ বিষয়ক কমিটি।
- ৫) ঔষধের মূল্য নির্ধারণের টেকনিক্যাল সাব-কমিটি।
- ৬) হার্বাল ঔষধ এডভাইজরী কমিটি (টেকনিক্যাল সাবকমিটি-DCC)।
- ৭) স্ট্যান্ডিং কমিটি ফর ইমপোর্ট অব ফার্মাসিউটিক্যাল প্রোডাক্ট।
- ৮) অ্যাডভার্স ড্রাগ রিয়েকশন অ্যাডভাইজরী কমিটি।
- ৯) অ্যাডভার্স ড্রাগ রিয়েকশন মনিটরিং সেল।
- ১০) জেলা ড্রাগ লাইসেন্সিং কমিটি।
- ১১) জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত Action Committee।
- ১২) ভ্যাক্সিনের ক্লিনিক্যাল ট্রায়াল ও টক্সিকোলজির মূল্যায়নের জন্য এক্সপার্ট কমিটি।
- ১৩) ভ্যাক্সিনের কেমিস্ট্রি ম্যানুফ্যাকচারিং এক্স কন্ট্রোল (CMC) এর জন্য এক্সপার্ট কমিটি।
- ১৪) Task force to monitor Antimicrobial Consumption/ Antimicrobial use (AMV) Surveillance in Bangladesh.
- ১৫) Clinical trial Advisory Committee
- ১৬) Medical device recipe evaluation committee
- ১৭) Block list approval Committee
- ১৮) কোভিড-১৯ চিকিৎসার জন্য পাবলিক হেলথ ইমার্জেন্সির ক্ষেত্রে ঔষধ ইনভেস্টিগেশনাল ড্রাগ, ভ্যাকসিন এবং মেডিকেল ডিভাইস মূল্যায়নের নিমিত্তে গঠিত কমিটি।

তাছাড়া ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রতিনিধি কর্মকর্তা অন্তর্ভুক্ত করে সরকারের বিভিন্ন এজেন্সী যথা- জেলা টাক্সফোর্স, মোবাইল কোর্ট, র্যাবের বিশেষ অভিযানে অংশগ্রহণের মাধ্যমে ঔষধ সেক্টরের অনিয়ম প্রতিরোধ করা ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়।

৭। জাতীয় ঔষধ নীতি অনুমোদনঃ

জাতীয় ঔষধনীতি ১৯৮২ ও ২০০৫ পর্যালোচনা করে ঔষধনীতি-২০১৬ প্রণয়ন করা হয়েছে। এ ঔষধনীতিতে ঔষধের নিরাপত্তা (Safety), কার্যকারিতা (Efficacy), যৌক্তিক ব্যবহার, কার্যকর ঔষধ প্রণয়ন ব্যবস্থা, ঔষধ উৎপাদন, বিপন্ন, বিতরণ, সংরক্ষণ এবং ঔষধ আমদানি-রপ্তানির ক্ষেত্রে সুস্পষ্ট দিকনির্দেশনা রয়েছে। এ ঔষধনীতির ফলে ঔষধ শিল্পের আরও বিকাশ ঘটবে, দেশ অধিকতর মান-সম্পন্ন ঔষধ উৎপাদনে সর্মথ হবু, ঔষধ রপ্তানীর সম্ভাবনা অনেকগুণ বৃদ্ধি পাবে, জনগণ যৌক্তিক মূল্যে ঔষধ পাবে। অধিকতর গণমুখী করে এ ঔষধনীতি প্রণীত হয়েছে।

৮। ঔষধ প্রশাসন কর্তৃক বিভিন্ন গাইডলাইন প্রণয়নঃ

ঔষধের গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে ইতোমধ্যে বিভিন্ন রেগুলেটরী গাইডলাইন প্রণয়ন ও অনুমোদিত হয়েছে। উল্লেখযোগ্য গাইডলাইনসমূহের মধ্যে GCP গাইডলাইন বাংলাদেশ Bio Equivalence Study and Clinical Trial পরিচালনার ক্ষেত্রে নতুন দিগন্তের উন্মোচন করেছে। এছাড়াও National Guideline on the Pharmacovigilance System, Guideline for Registration of Biosimilar Product, Guideline for good manufacturing practice, guideline on non-clinical evaluation of vaccine, guideline on regulation and licensing of biological products, guideline on quality assurance for biological products, risk- based post marketing surveillance of medicine products এবং Guideline on Good Review Practices (GRP) সহ গুরুত্বপূর্ণ গাইডলাইন প্রণয়ন ও অনুমোদিত হয়েছে। এ সকল গাইডলাইন ঔষধ প্রশাসনের কার্যাবলী আন্তর্জাতিক মান অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। দেশের ঔষধশিল্পের উন্নয়নকল্পেও এ সকল গাইডলাইন দিক নির্দেশনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

৯। ২০১৯-২০২০ অর্থ বছরে ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন খাতে অর্জিত সাফল্যের প্রতিবেদন :


স্বাস্থ্য সেবা নিশ্চিত করা বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। এ লক্ষ্যে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মানসম্পন্ন ঔষধ ও সুলভ মূল্যে ঔষধ প্রাপ্তি নিশ্চিত করা স্বাস্থ্য সেবা প্রদানের একটি অন্যতম অনুযজ্ঞ। সে কারণে বর্তমান সরকার ঔষধ প্রশাসন ও ঔষধ সেক্টরের উন্নয়নে নানাবিধ উন্নয়নমূলক কর্মকান্ড ইতোমধ্যে বাস্তবায়ন করেছে। ফলে দেশের জনগণের নিকট সুলভমূল্যে ঔষধ প্রাপ্তি নিশ্চিত হয়েছে। বর্তমান সরকারের সক্রিয় সহযোগিতায় বিগত এক বছরে ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন খাতে অর্জিত সাফল্যের চিত্র তুলে ধরা হলঃ

১. ঔষধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন ও রপ্তানীঃ

দেশীয় চাহিদার শতকরা প্রায় ৯৮ ভাগ ঔষধ বর্তমানে স্থানীয়ভাবে উৎপাদিত হয়। বর্তমানে ইউরোপ, আমেরিকাসহ বিশ্বের ১৪৮টি দেশে ঔষধ রপ্তানি হচ্ছে। সরকারের বিভিন্ন উদ্যোগের ফলে ঔষধ রপ্তানির পরিমাণ ও দেশের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

বিগত ছয় বৎসরের ঔষধ রপ্তানীর পরিসংখ্যানঃ

২০১২	- ৫৩৯৬ (পাঁচ হাজার তিনশত ছিয়ানব্বই) মিলিয়ন টাকা।
২০১৩	- ৬১৯৯ (ছয় হাজার একশত নিরানব্বই) মিলিয়ন টাকা।
২০১৪	- ৭৩৩১ (সাত হাজার তিনশত একত্রিশ) মিলিয়ন টাকা।
২০১৫	- ৮০১২ (আট হাজার বার) মিলিয়ন টাকা।
২০১৬	- ২২৪৭১ (বাইশ হাজার চারশত একাত্তর) মিলিয়ন টাকা।
২০১৭	- ৩১৯৬৩ (একত্রিশ হাজার নয়শত তেষট্টি) মিলিয়ন টাকা।
২০১৮	- ৩৫১৪৩ (পঁয়ত্রিশ হাজার একশত তেতাঁলিশ) মিলিয়ন টাকা।
২০১৯	- ৪০৯০৯ (চল্লিশ হাজার নয় শত নয়) মিলিয়ন টাকা।



চিত্র: ঔষধ রপ্তানি

২। বিশ্বমানের ঔষধ উৎপাদনের সক্ষমতাঃ

বাংলাদেশ এখন বিশ্বমানের ঔষধ উৎপাদনে সক্ষম। দেশে উচ্চ প্রযুক্তির ঔষধ (যথা-ভ্যাক্সিন, ইনসুলিন, গ্র্যান্টি-ক্যান্সার ইত্যাদি) দেশে উৎপাদিত হচ্ছে। বাংলাদেশের ঔষধ শিল্প এখন প্রায় সকল জোজেস ফর্মের ঔষধ উৎপাদনে সক্ষম। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঔষধ ও ঔষধের কাঁচামালকে Product of the Year-2018 ঘোষণা করেন। ঔষধ শিল্পখাতকে সরকার প্রস্ট সেক্টর হিসেবে ঘোষণা দিয়েছে।

ঔষধের রপ্তানি বৃদ্ধি করতে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। যেমন-বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সঙ্গে যোগাযোগ করা এবং বাংলাদেশ ঔষধ শিল্প সমিতির সাথে যৌথভাবে বিভিন্ন দেশে বাংলাদেশ ফার্মাসিউটিক্যালস মেলা, সেমিনার করার উদ্যোগ গ্রহণ করা এবং বাংলাদেশের ঔষধকে প্রমোট করা হচ্ছে। সম্প্রতি বাংলাদেশ ও তুরস্কের ড্রাগ রেগুলেটরি অথরিটির মধ্যে একটি MOU স্বাক্ষরিত হয়েছে।

৩। এপিআই পার্কঃ

দেশে উৎপাদিত ঔষধের বেশিরভাগ কাঁচামাল বিদেশ হতে আমদানি করা হয়, এতে প্রচুর পরিমাণে বৈদেশিক মুদ্রা ব্যয় হয়। ঔষধ শিল্পকে সামগ্রিকভাবে আত্মনির্ভরশীল করার লক্ষ্যে বর্তমান সরকার দেশে পর্যাপ্ত সক্রিয় কাঁচামাল উৎপাদনের উদ্যোগ গ্রহণ করেছে। ইতোমধ্যে সরকার কর্তৃক ঢাকার অদূরে মুন্সিগঞ্জ জেলার গজারিয়ায় একটি এপিআই পার্ক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উক্ত পার্কের নির্মাণ কাজ দ্রুত এগিয়ে যাচ্ছে। ৪৪ টি প্লট বরাদ্দ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে কয়েকটি প্রতিষ্ঠান অবকাঠামো নির্মাণের কাজ শুরু করেছে। উক্ত এপিআই পার্কে শীঘ্রই ঔষধের কাঁচামাল উৎপাদন শুরু করা সম্ভব হবে। এপিআই পার্কটি পূর্ণরূপে চালু হলে বাংলাদেশ ঔষধের কাঁচামাল উৎপাদনে দেশীয় চাহিদা মিটিয়ে বিদেশে রপ্তানী করতে পারবে।

৪। ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরীকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণঃ

ঔষধের পরীক্ষা ও বিশ্লেষণের সুবিধাদি সৃষ্টির লক্ষ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তরের আওতাধীন National Control Laboratory এর Drug Testing Wing এবং Vaccine Testing Wing এর অবকাঠামো উন্নীত এবং অত্যাধুনিক যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে আন্তর্জাতিক মানে উন্নয়ন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় পর্যায়ক্রমে উক্ত ল্যাবরেটরী বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক এক্রিডেশন সনদপ্রাপ্ত হয়েছে। এর ফলে সকল প্রকার ঔষধের পরীক্ষা ও বিশ্লেষণের জন্য ল্যাবরেটরীর সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।

বাংলাদেশ এক্রিডিটেশন বোর্ড (BAB) কর্তৃক সনদপ্রাপ্তিঃ

বিগত ২০১৭ সালে BAB কর্তৃক National Control Laboratory প্রথম ISO17025:2005 এক্রিডিটেশন সনদপ্রাপ্ত হয়েছে। বিগত ২০১৮ সালে American National Accreditation Board (ANAB) কর্তৃক ISO/IEC 17025:2017 সনদপ্রাপ্তি।

USAID- র অর্থায়নে পরিচালিত Promoting the quality of Medicines (PQM) Program এর আওতায় United States Pharmacopeial (USP) convention এর সরাসরি কারিগরি ও টেকনিক্যাল সহযোগিতায় National Control Laboratory বিগত ২০১৮ সালে প্রথম ANAB কর্তৃক ISO/IEC 17025: 2017 সনদপ্রাপ্ত হয়েছে। এরই ধারাবাহিকতায় জুলাই ২০২০ পুনরায় re-accreditation সনদপ্রাপ্ত হয়েছে। এই সনদপ্রাপ্তির ফলে National Control Laboratory (NCL) আন্তর্জাতিক মানসম্পন্ন ঔষধের পরীক্ষা ও বিশ্লেষণের ক্ষেত্রে আস্থা অর্জন করেছে। এতে করে ঔষধের গুণাগুণ বিশ্লেষণের মাধ্যমে SF Medicines (Substandard and Falsified Medicines) সনাক্ত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

WHO Prequalification অর্জনঃ

WHO এবং USP- র যৌথ সহযোগিতায় NCL মার্চ, ২০২০ WHO PQ সনদপ্রাপ্ত হয়েছে। এই সনদপ্রাপ্তির ফলে NCL WHO Prequalified Laboratory হয়েছে; যা আন্তর্জাতিক মানে উন্নতির ক্ষেত্রে আরেকটি মাইল ফলক। এতে করে ঔষধ প্রশাসনের উপর আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা ও রেগুলেটরী অথরিটির বিশ্বাসযোগ্যতা অধিকতর সুদৃঢ় হয়েছে। ঔষধ প্রশাসন NCL এর উত্তর উত্তর সমৃদ্ধি ও মান বজায় রাখার লক্ষ্যে উন্নয়নমূলক কর্মকান্ড ও জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এই উন্নয়ন যাত্রায় বিভিন্ন আন্তর্জাতিক ও দেশী সংস্থা (USAID, WHO, MSH, WB, DGHS, JAICA, FAO) প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা করছে।



চিত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক Prequalification প্রাপ্ত হওয়ায় শেখ হাসিনা স্মারক প্রদান অনুষ্ঠান

- বর্তমানে দেশে উৎপাদিত ও আমদানীকৃত অন্টারনেটিভ মেডিসিন এর মান-নিয়ন্ত্রণের জন্য SDAM (Strengthening of Drug Administration and Management) Operational Plan - এর অর্থায়নে ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রধান কার্যালয় ভবনের ৭ম ও ৮ম তলায় অত্যাধুনিক ল্যাবরেটরী স্থাপনের কাজ চলমান আছে।
- বিভাগীয় পর্যায়ে ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যক্রম আরো জোরদার করার লক্ষ্যে বরিশাল ও রাজশাহী বিভাগে নতুন করে ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী স্থাপনের কাজ শুরু হয়েছে। ইতোমধ্যে বরিশাল ও রাজশাহী ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী এর জন্য জনবল মঞ্জুরী প্রদান করা হয়েছে।

ড্রাগসিন জাতীয় পদের মান-নিয়ন্ত্রণের এর জন্য ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী এর ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী শাখার ৩য় তলায় এনিম্যাল হাউস স্থাপন করা হয়েছে।

৫। ঔষধ নিয়ন্ত্রণ ব্যবস্থা আরও শক্তিশালীকরণঃ

ঔষধ নিয়ন্ত্রণ ব্যবস্থা আরও শক্তিশালী করার লক্ষ্যে বর্তমান সরকারের উদ্যোগে ঔষধ প্রশাসন অধিদপ্তরে জন্য আরও নতুন ২২৮ (দুইশত আটাত্তাল) জন জনবল অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকান্ড সুষ্ঠু ও কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে ৮ তলা ভিত্তির উপরে ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রধান কার্যালয় ভবনটির নির্মাণ সম্পন্ন হয়েছে। যার দুইটি ফ্লোর ট্র্যাডিশনাল মেডিসিন ল্যাব এর জন্য ব্যবহৃত হবে। এ ছাড়াও ঔষধ প্রশাসন অধিদপ্তরের চট্টগ্রামের বিভাগীয় কার্যালয় ভবন নির্মাণ করা হয়েছে।

৬। মেডিকেল ডিভাইসের রেজিস্ট্রেশন প্রদান ও মূল্য নিয়ন্ত্রণঃ

মানসম্পন্ন মেডিকেল ডিভাইস নিশ্চিত করার লক্ষ্যে সরকার কর্তৃক মেডিকেল ডিভাইস রেজিস্ট্রেশন গাইডলাইন অনুমোদিত হয়েছে। আমদানিকৃত ও দেশে উৎপাদিত মেডিক্যাল ডিভাইসের রেজিস্ট্রেশন প্রদান করা হচ্ছে। মেডিকেল ডিভাইসের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ করে দেওয়া হচ্ছে। ইতোমধ্যে আমদানিকৃত ১৭৮৩টি B,C,D ক্যাটাগরির মেডিকেল ডিভাইসের রেজিস্ট্রেশন ও ৫১১টি A ক্যাটাগরির মেডিকেল ডিভাইসের অনুমোদন প্রদান করা হয়েছে। মেডিকেল ডিভাইসের মূল্য নির্ধারণ করে দেওয়ায় জনগণ সাশ্রয়ী মূল্যে মানসম্পন্ন মেডিকেল ডিভাইস পাচ্ছে। এগুলোর মধ্যে অন্যতম হচ্ছে- কার্ডিয়াক স্টেন্ট, ইন্ট্রাওকুলার লেপ, হার্ট রিং, রিং এ্যাঙ্কসরিঞ্জ, guide wire catheter, হার্ট ভাল্ব, পেসমেকার এবং এয়ার রিং ইত্যাদি।

৭। ঔষধের যৌক্তিক ব্যবহার নিশ্চিতকল্পে মডেল ফার্মেসী ও মডেল মেডিসিন শপ স্থাপনঃ

ঔষধের যৌক্তিক ব্যবহার নিশ্চিতকল্পে আধুনিক বিশ্বের আদলে উন্নত ফার্মেসী ব্যবস্থাপনার লক্ষ্যে বাংলাদেশে মডেল ফার্মেসী স্থাপনের কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। মডেল ফার্মেসীসমূহ প্র্যাক্টিসিং ফার্মাসিস্ট কর্তৃক পরিচালিত হয়। বাংলাদেশের ফার্মেসী ব্যবস্থাপনাকে উন্নতকরণের লক্ষ্যে বর্তমানে মডেল ফার্মেসী/ মডেল মেডিসিন শপ ছাড়া কোন নতুন ড্রাগ লাইসেন্স প্রদান করা হচ্ছে না এবং পুরাতন ফার্মেসীগুলোকেও ফার্মেসী/ মডেল মেডিসিন শপে উন্নীত করা হচ্ছে। ইতোমধ্যে ৩৮৫ টি মডেল ফার্মেসীর এবং ৩২৫৩৫ টি মডেল মেডিসিন শপ প্রতিষ্ঠা করা হয়েছে।



চিত্র: চীপাইনবাবগঞ্জে মডেল ফার্মেসী উদ্বোধন



চিত্র: মডেল ফার্মেসী উদ্বোধনের সময় মহাপরিচালক মহোদয়ের দিক-নির্দেশনা

ক্রমসং	“অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যাশন কনটেন্ট ইনসেন্ট ইন বাংলাদেশ (২০১৭-২০২২)” শীর্ষক জাতীয় কর্মপরিকল্পনা মোতাবেক ঔষধ প্রশাসন অধিদপ্তরের লক্ষ্যমাত্রা	ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম
		হেলথ হেলথ কেয়ার ফ্যাসিলিটিজ এ অ্যান্টিবায়োটিক সরবরাহ নিশ্চিত করা সম্ভব হচ্ছে।
২.	অ্যান্টিবায়োটিক উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের কারখানায় Good Manufacturing Practice (GMP) নিশ্চিত করা।	<p>বাংলাদেশে বর্তমানে ২৮০ টি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান রয়েছে, তন্মধ্যে ফাংশনাল রয়েছে ২০৯ টি। ফাংশনাল ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে বর্তমানে ১২৪ টি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান ৮২ ধরনের অ্যান্টিবায়োটিক ঔষধ উৎপাদন করছে।</p> <ul style="list-style-type: none"> ➤ এই ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের Good Manufacturing Practice (GMP) নিশ্চিত করার লক্ষ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক নিয়মিত ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করা হচ্ছে। <p>কারখানা পরিদর্শনের পরিসংখ্যান (একাধিকবার পরিদর্শনসহ):</p> <p>২০১৬ সালে ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে : ১৪৮১ বার ২০১৭-১৮ অর্থ বছরে ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে : ১১৩৬ বার ২০১৮-১৯ অর্থ বছরে ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে : ১৩৩৩ বার ২০১৯-২০ অর্থ বছরে ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে: ১২০০ বার</p> <ul style="list-style-type: none"> ➤ ক্রসকন্টামিনেশন এড়াতে পেনিসিলিন ও সেফালোস্পোরিন জাতীয় পদ উৎপাদনের জন্য dedicated, self-content facilities নিশ্চিত করা হচ্ছে। ২০১৬ সালে ১৪ টি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের সকল প্রকার এন্টিবায়োটিক (নন-পেনিসিলিন, পেনিসিলিন ও সেফালোস্পোরিন গ্রুপ) উৎপাদন স্থগিত করা হয়েছে। বাজার হতে ঔষধ প্রত্যাহারের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। ➤ ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের জন্য ETP নিশ্চিত করা হচ্ছে। ➤ GMP Noncompliance, Substandard, Counterfeit ঔষধ উৎপাদনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ➤ Adverse Drug Reaction (ADR) Reporting ও Fake Medicine Identification এর জন্য একটি মোবাইল অ্যাপস তৈরী করা হয়েছে। ➤ ঔষধের পার্শ্বপ্রতিক্রিয়া/বিরূপ প্রতিক্রিয়া Adverse Drug Reaction (ADR) মনিটরিং এর জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক একটি গাইডলাইন প্রণয়ন করা হয়েছে এবং উক্ত কাজ সম্পাদনের জন্য একটি সেল গঠন করা আছে, যারা নিয়মিত ADR মনিটরিং করছেন। ➤ মানবহিতৈষী অ্যান্টিবায়োটিক সনাক্তকরণের জন্য ০৮ (আট) টি বিভাগীয় কার্যালয়ে মিনি ল্যাব স্থাপন করা হয়েছে এবং ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরীকে strengthening করা হয়েছে। ঔষধ

ক্রমঃ	“অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যাল কনটেন্ট ইনসেন্ট ইন বাংলাদেশ (২০১৭-২০২২)” শীর্ষক জাতীয় কর্মপরিকল্পনা মোতাবেক ঔষধ প্রশাসন অধিদপ্তরের লক্ষ্যমাত্রা	ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম
		প্রশাসন অধিদপ্তরের আওতাধীন ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী WHO এর prequalification অর্জন করেছে।
৩.	Good Pharmacy Practice(GPP) নিশ্চিত করা।	<p>ফার্মেসীসমূহে proper storage condition এ ঔষধ সংরক্ষণ নিশ্চিত করা এবং ফার্মাসিস্টের তত্ত্বাবধানে কাউন্সিলিংসহ ঔষধ ডিসপেন্সিং নিশ্চিত করতে ২০১৬ সাল হতে বাংলাদেশে মডেল ফার্মেসী ও মডেল মেডিসিন শপ প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হয়েছে। এ পর্যন্ত বিভিন্ন জেলায় মডেল ফার্মেসীর প্রতিষ্ঠা করা হয়েছে ৩৮৫ টি এবং মডেল মেডিসিন শপ প্রতিষ্ঠা করা হয়েছে ৩২,৫৩৫ টি।</p> <p>➤ নকল-ভেজাল, মেয়াদোত্তীর্ণ, মিসব্রান্ডেড, আনরেজিস্টার্ড ঔষধ উৎপাদনকারী ও বিক্রয়কারীদের বিরুদ্ধে সারাদেশব্যাপী ঔষধ প্রশাসন অধিদপ্তরের অভিযান অব্যাহত আছে।</p> <p>জুলাই-২০১৯ থেকে জুন-২০২০ পর্যন্ত ঔষধ আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে গৃহীত ব্যবস্থা:</p> <ul style="list-style-type: none"> • মোবাইল কোর্টঃ মোবাইল কোর্টে মামলা দায়েরঃ ১৯৬৪টি • জরিমানাঃ ১১ কোটি ৬৯ লক্ষ ১৮ হাজার ৭০৮ টাকা • কারাদণ্ড ও সিলগালাঃ ৪৩ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড এবং ১৮ টি ফার্মেসী সিলগালা করা হয়। • মোবাইল কোর্ট ও নিয়মিত অভিযানের মাধ্যমে জব্দ ঃ আনুমানিক- ২৩ কোটি ২৯ লক্ষ টাকা মূল্যের আনরেজিস্টার্ড, মিসব্রান্ডেড, মেয়াদ উত্তীর্ণ, সরকারী ঔষধ ও ফুড সাপ্লিমেন্ট জব্দ করা হয়। • ড্রাগ কোর্টঃ ড্রাগ কোর্টে মামলা দায়েরঃ ০২ টি • ম্যাজিস্ট্রেট কোর্টঃ ম্যাজিস্ট্রেট কোর্টে মামলা দায়েরঃ ৪১ টি। • ঔষধের খুচরা ও পাইকারী দোকানসহ ডিপো এবং ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে ঃ ৫৫,২০০ টি। • পরীক্ষা ও বিশ্লেষণের নিমিত্তে ঔষধ/মেডিকেল ডিভাইস নমুনা উত্তোলন করা হয়েছেঃ ৩৩৯৭টি
৪.	অ্যান্টিবায়োটিকের যথাযথ ব্যবহার নিশ্চিত করা।	<p>১. অ্যান্টিবায়োটিকের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক সারাদেশব্যাপি সচেতনতামূলক সভা করা হয়েছে। ২০১৯ সালে জেলা প্রশাসকের কার্যালয়, সিভিল সার্জন, বাংলাদেশ কমিস্ট এন্ড ড্রাগিস্ট কমিটির সদস্যবৃন্দ এবং ফার্মেসীর মালিক ও ফার্মাসিস্টদের নিয়ে সারা দেশব্যাপি ৫৬ টি জেলায় ১২৬ টি জনসচেতনতামূলক সভা করা হয়েছে। উক্ত সভাসমূহে ফার্মেসীর মালিক ও ফার্মাসিস্টদের নিম্নরূপ দিকনির্দেশন প্রদান করা হয়েছেঃ</p> <ul style="list-style-type: none"> ➤ রোগী/কাস্টমারকে রেজিস্টার্ড চিকিৎসকের প্রেসক্রিপশন মোতাবেক এন্টিবায়োটিক ক্রয়, সেবন বা গ্রহণে পরামর্শ প্রদান করা। ➤ অ্যান্টিবায়োটিক সেবন বা গ্রহণের ক্ষেত্রে প্রেসক্রিপশনে উল্লেখিত সময় ও নির্দেশনা মেনে চলতে পরামর্শ প্রদান করা। ➤ শারীরিকভাবে সুস্থ্য অনুভব করলেও প্রেসক্রিপশনে নির্দেশিত অ্যান্টিবায়োটিকের কোর্স সম্পূর্ণ করতে পরামর্শ প্রদান করা। <p>২. এছাড়াও ফার্মেসীসমূহে এন্টিবায়োটিক ক্রয়-বিক্রয় সংক্রান্ত রেজিস্টার মেইনটেন করতে মাঠপর্যায়ে কার্যক্রম পরিচালনা</p>

ক্রমঃ	“অ্যান্টিবায়োটিক বিয়াল রেজিস্ট্রাল কনট্রোল ইন বাংলাদেশ (২০১৭-২০২২)” শীর্ষক জাতীয় কর্মপরিকল্পনা মোতাবেক ঔষধ প্রশাসন অধিদপ্তরের লক্ষ্যমাত্রা	ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম করা হচ্ছে। ৩. অ্যান্টিবায়োটিক ব্যবহারে সচেতনতা বৃদ্ধিকল্পে “প্রেসক্রিপশন ছাড়া এন্টিবায়োটিক বিক্রয় করা নিষেধ” শিরোনামে এক লক্ষ পিস Pamphlet ফার্মেসীতে বিতরণ করা হয়েছে। ৪. Electronic Display Board এ AMR Promoting স্লোগান প্রচার করা হচ্ছে। এছাড়াও বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে AMR এর বিষয়ে সচেতনতামূলক স্লোগান প্রচার করা হচ্ছে। ৫. প্রতি বছর সারা দেশব্যাপী Antibiotic Awareness Week উৎযাপন করা হয়ে থাকে।
৫.	AMC/AMU surveillance সম্পন্ন করা।	Antimicrobial Consumption (AMC)/ Antimicrobial Use (AMU) নিশ্চিত করে ঔষধ প্রশাসন অধিদপ্তরের উদ্যোগে বিভিন্ন স্টক হোল্ডারদের সাথে ০৯.০৮.২০১৭, ১৬.০৮.২০১৮, ২৫.০৮.২০১৮ ও ১৩.৯.২০১৮ তারিখে সভা করা হয়, উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ ১. জ্যাটেরিনারীতে কোলিস্টিনের ব্যবহার বন্ধের উদ্যোগ নেওয়া হবে। ২. ঔষধ প্রশাসন অধিদপ্তর অনুমোদিত অ্যান্টিবায়োটিক কম্বিনেশন ও ফিক্সড ডোজ কম্বিনেশন অ্যান্টিবায়োটিকসমূহ পুনরায় রিভিউ করবে। ৩. অ্যান্টিবায়োটিক ব্যবহারে সচেতনতা বৃদ্ধিকল্পে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে সচেতনতামূলক প্রচারণার ব্যবস্থা করা হবে। ৪. জাতীয় পাঠ্যপুস্তক কারিকুলামে অ্যান্টিবায়োটিক এর ব্যবহার ও সচেতনতা সংক্রান্ত অধ্যায় সংশোধনের উদ্যোগ নেওয়া হবে। ৫. অ্যান্টিবায়োটিক ঔষধের মোড়ক সামগ্রী লাল রং এর করা হবে। ৬. ফার্মেসী কর্তৃক প্রেসক্রিপশনবিহীন অ্যান্টিবায়োটিক বিক্রি না করার বিষয়ে রেগুলেশন জোরদার করা এবং সেলফ মেডিকেশন বন্ধ করা। ৭. Antibiotic uses policy/guideline, Antibiotic disposal system guideline প্রস্তুত করা। ৮. WHOএর AWARE Classification অ্যান্টিবায়োটিককে ০৩ টি শ্রেণীতে বিন্যস্ত করা হয়েছে। যথাঃ Access group antibiotic, Watch group antibiotic, Reserve group antibiotic. সে অনুযায়ী ডাক্তার/ পণ্ড ডাক্তারদের প্রেসক্রাইব করার জন্য পরামর্শ প্রদান করা। Reserve group antibioticকে reserve রাখা, সহজে প্রেসক্রাইব না করা এবং প্রাণীর ব্যবহারের জন্য রেজিস্ট্রেশন না দেওয়া। উক্ত সিদ্ধান্তগুলোর আলোকে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়ঃ (ক) ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ২০১৯ সালে Bangladesh National Formulary (BNF) এর 5 th edition এ বাংলাদেশের সকল নিবন্ধিত ঔষধকে WHO- AWARE group মোতাবেক categorized করা হয়েছে, যা গোটা বিশ্বে প্রথম।

৮। ফার্মাকোভিজিলাপ সংক্রান্ত কার্যক্রমঃ

ফার্মাকোভিজিলাপ কার্যক্রম পরিচালনার জন্য সরকার কর্তৃক একটি গাইডলাইন অনুমোদন করা হয়েছে। ফার্মাকোভিজিলাপ মনিটরিং এর জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তরের ADRM Cell, WHO Upsala Monitoring Centre এর ১২০তম সদস্যপদ অর্জন করেছে। ৩২টি হাসপাতাল ও ৩০টি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান অনলাইনে ADR report National ADR সেলে জমা দিচ্ছে। রিপোর্টগুলোর casualty assess করে ব্যবস্থা গ্রহণ এবং vigiflow তে রিপোর্টগুলো আপলোড করা হচ্ছে। ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানকে ফার্মাকোভিজিলাপ কর্মকান্ড চালু করার জন্য উল্লুঙ্গ করা হচ্ছে এবং প্রতিটি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানে একজন ফার্মাকো ভিজিলাপ ম্যানেজারের মাধ্যমে কর্মকান্ড চালু করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

৯। ক্লিনিক্যাল ট্রায়ালঃ

দেশে ঔষধের ক্লিনিক্যাল ট্রায়াল সূচু ও কার্যকরভাবে পরিচালনার জন্য Good Clinical Practice (GCP) গাইডলাইন সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। দেশে বর্তমানে ঔষধের ক্লিনিক্যাল ট্রায়াল কার্যক্রম পরিচালিত হচ্ছে। ক্লিনিক্যাল ট্রায়াল পরিচালনার জন্য ১২ (বারো)টি CRO (Contract Research Organization) এবং ৫৬ (ছাপান) টি ক্লিনিক্যাল ট্রায়াল প্রটোকল অনুমোদন করা হয়েছে।

১০। Rational Use of Antibiotics:

“অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স কনটেইনমেন্ট ইন বাংলাদেশ (২০১৭-২০২২)”-শীর্ষক জাতীয় কর্মপরিকল্পনা হালনাগাদ ও কার্যকরকরণ এবং আরও কার্যকরভাবে গবেষণা পরিচালনা করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ সংক্রান্ত ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রমের প্রতিবেদন :

অ্যান্টিবায়োটিকের অপপ্রয়োজনীয় ব্যবহার, ভুল ডোজ প্রয়োগ এবং সামগ্রিকভাবে দুর্বল সংক্রমণ-প্রতিরোধ ক্ষমতার ফলে মানবদেহে অ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্স এর সৃষ্টি হচ্ছে, যা মারাত্মক পরিস্থিতির সৃষ্টি করছে।

অ্যান্টিবায়োটিক এর অপপ্রয়োজনীয় ব্যবহার বলতে বুঝায়ঃ

- Unnecessary prescription of antibiotics, such as for viral infections (colds) or for prolonged prophylaxis.
- Using broad-spectrum antibiotics (such as third generation cephalosporins, carbapenems) when narrow-spectrum antibiotics are effective.
- Prescribing too low or too high a dose
- Continuing treatment for longer than necessary
- Not prescribing according to microbiology results
- Omitting or delaying administration of doses
- Not taking antibiotics as prescribed

অ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্স নিয়ে উল্লুঙ্গ পরিস্থিতি মোকাবেলায় ২০১৭ সালে বাংলাদেশ সরকার কর্তৃক “অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স কনটেইনমেন্ট ইন বাংলাদেশ (২০১৭-২০২২)” শীর্ষক জাতীয় কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়। যেখানে ঔষধ প্রশাসন অধিদপ্তরের কিছু গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলঃ

১. সকল হেলথ কেয়ার ফ্যাসিলিটিজ এ অ্যান্টিবায়োটিক সরবরাহ নিশ্চিত করা।
২. অ্যান্টিবায়োটিক উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের কারখানায় GMP নিশ্চিত করা।
৩. Good Pharmacy Practice(GPP) নিশ্চিত করা।
৪. অ্যান্টিবায়োটিকের যথাযথ ব্যবহার নিশ্চিত করা।
৫. AMC/AMU surveillance সম্পন্ন করা।

“অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স কনটেইনমেন্ট ইন বাংলাদেশ (২০১৭-২০২২)” শীর্ষক জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২০১৬ সালে একটি Road Map গ্রহণ করা হয়। সেমোতাবেক ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম নিম্নরূপঃ

ক্রমঃ	“অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স কনটেইনমেন্ট ইন বাংলাদেশ (২০১৭-২০২২)” শীর্ষক জাতীয় কর্মপরিকল্পনা মোতাবেক ঔষধ প্রশাসন অধিদপ্তরের লক্ষ্যমাত্রা	ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম
১.	সকল হেলথ কেয়ার ফ্যাসিলিটিজ এ অ্যান্টিবায়োটিক সরবরাহ নিশ্চিত করা।	বাংলাদেশে বর্তমানে দেশীয় চাহিদার ৯৮% ঔষধ দেশের ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদন করা হয়। এতে করে সকল

ক্রমসং	“অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যান্স কন্ট্রোল ইন বাংলাদেশ (২০১৭-২০২২)” শীর্ষক জাতীয় কর্মপরিকল্পনা মোতাবেক ঔষধ প্রশাসন অধিদপ্তরের লক্ষ্যমাত্রা	ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম
		<p>(খ) ড্রাগ কন্ট্রোল কমিটির-২৫০ তম সভায় Antimicrobial Resistance কে প্রতিহত করার জন্য ২২ টি colistin এবং colistin combination veterinary products, ২৩টি access group এর এবং ০৫ টি watch group এর veterinary antibiotic combination বাতিল করা হয়েছে।</p> <p>(গ) ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ২০১৬ থেকে ২০১৮ পর্যন্ত WHO এর সহায়তায় ডিপার্টমেন্ট অব ফার্মাকোলজি, বিএসএমএমইউ’র তত্ত্বাবধানে antimicrobial consumption (AMC) এর উপর একটি surveillance করা হয়। উক্ত সার্ভিল্যান্স করার সময় WHO Global AMC Methodology কে বাংলাদেশের কন্টেক্সট এ সার্ভিল্যান্স সিস্টেম ডেভেলপ করা হয়েছে।</p> <p>উক্ত সার্ভিল্যান্স থেকে অনেক গুরুত্বপূর্ণ ডাটা পাওয়া গেছে, যা regulatory decision making এ সহায়তা করেছে।</p> <p>সার্ভিল্যান্স হতে দেখা গেছে, বাংলাদেশে access group এর antibiotic consumption ৪২-৪৪%, watch group এর antibiotic consumption ৫৬-৫৫% এবং reserve group এর antibiotic consumption ০.৫২-০.৪৩%, যেখান হতে দেখা যাচ্ছে, বাংলাদেশে watch group এর antibiotic consumption access group অপেক্ষা বেশী। ২০১৬ সাল হতে ২০১৮ সাল পর্যন্ত পর্যায়ক্রমে বাংলাদেশে অ্যান্টিবায়োটিকের ব্যবহার বৃদ্ধি পেয়েছে।</p>
৬.	ঔষধ আইন হালনাগাদ করণ এবং প্রেসক্রিপশন ছাড়া এন্টিবায়োটিক বিক্রয়ের বিষয়ে আইনের প্রয়োগ করা।	<p>ঔষধ আইন- ১০৪০ হালনাগাদ করে বাংলায় ঔষধ আইন-২০২০ প্রণয়ন করা হয়েছে, যা কেবিনেট ডিভিশনে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।</p> <p>উক্ত হালনাগাদকৃত ঔষধ আইনে নিম্নোক্ত ধারা সংযোজন করা হয়েছেঃ</p> <p>“Over the Counter (OTC) ঔষধ ব্যতীত রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতিরেকে অ্যান্টিমাইক্রোবায়োল জাতীয় ঔষধসহ অন্য কোনো ঔষধ বিক্রয়ের নিষেধাজ্ঞা এবং দণ্ড-</p> <p>(১) Over the Counter (OTC) ঔষধ ব্যতীত রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতিরেকে অ্যান্টিমাইক্রোবায়োল জাতীয় ঔষধসহ অন্য কোনো ঔষধ খুচরা বিক্রয় করা যাইবে না; এবং</p> <p>(২) যদি কোনো ব্যক্তি উপধারা (১)-এর বিধান লঙ্ঘন করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ২০ (বিশ) হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।”</p>
৭.	নতুন মলিকুল অনুমোদনের ক্ষেত্রে ড্রাগ কন্ট্রোল কমিটিতে ভ্যাকসিনারী বিশেষজ্ঞদের অন্তর্ভুক্ত করা।	নতুন মলিকুল অনুমোদনের ক্ষেত্রে ড্রাগ কন্ট্রোল কমিটিতে ভ্যাকসিনারী বিশেষজ্ঞদের অন্তর্ভুক্ত করা হয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

১. Update Essential Medicines List adopting AWaRe classification.
২. Antimicrobial Consumption (AMC)/ Antimicrobial Use (AMU) সার্ভিল্যান্স গাইডলাইন প্রণয়ন করা।
৩. Antimicrobial Consumption (AMC)/ Antimicrobial Use (AMU) সার্ভিল্যান্স কার্যক্রম সম্পাদন করা।
৪. Antimicrobial Consumption (AMC)/ Antimicrobial Use (AMU) মনিটরিং এর জন্য ওয়েব পোর্টাল ডেভেলপ করা।

৫. জাতীয় পাঠ্যপুস্তক কারিকুলামে অ্যান্টিবায়োটিক এর ব্যবহার ও সচেতনতা সংক্রান্ত অধ্যায় সংবোধনের উদ্যোগ নেওয়ার বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা ।
৬. অ্যান্টিবায়োটিক ঔষধের মোড়ক সামগ্রী বিশেষ রং এর করার বিষয়ে উদ্যোগ নেওয়া ।



প্রেসক্রিপশন ছাড়া এন্টিবায়োটিক বিক্রয় করা নিষেধ



পরিচালকঃ বাংলাদেশ স্বাস্থ্য প্রদর্শন ট্রাস্ট
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অপ্রয়োজনে, অযৌক্তিকভাবে ও অসম্পূর্ণ মেয়াদে এন্টিবায়োটিক ব্যবহারের কারণে প্রতিরোধী জীবাণুর মাধ্যমে আমাদের ও ভবিষ্যৎ প্রজন্মের মৃত্যু ঝুঁকি বাড়াচ্ছে। জেনে রাখা ভালো যে ভাইরাসজনিত সর্দি-জ্বর-কাশি-ডায়রিয়াতে এন্টিবায়োটিক কাজ করে না। পরবর্তী প্রজন্মের ব্যবহারের জন্যে এন্টিবায়োটিকের কার্যকারিতা অক্ষুণ্ণ রাখার লক্ষ্যে নিম্নলিখিত সাধারণ বিষয়গুলো আমাদের মেনে চলতে হবে :

- ১। শুধুমাত্র রেজিস্টার্ড চিকিৎসকের প্রেসক্রিপশন মোতাবেক এন্টিবায়োটিক বিক্রয়, সেবন বা গ্রহণ করতে হবে (বিশেষ ক্ষেত্রে কেবল সরকারি নীতিমালা অনুযায়ী প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মী কর্তৃক সরবরাহকৃত এন্টিবায়োটিক সেবন করা যাবে)।
- ২। এন্টিবায়োটিক সেবন বা গ্রহণের ক্ষেত্রে প্রেসক্রিপশনে উল্লেখিত সময় ও নির্দেশনা মেনে চলতে হবে।
- ৩। শারীরিকভাবে সুস্থ অনুভব করলেও প্রেসক্রিপশনে নির্দেশিত এন্টিবায়োটিকের কোর্স সম্পূর্ণ করতে হবে।













১১। মাঠ পর্যায়ের কার্যক্রমঃ

ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তাগণ নিয়মিত ঔষধ উৎপাদনকারী ও বিক্রয়কারী প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করে থাকে। ঔষধের মান যাচাই করার জন্য কর্মকর্তাগণ উৎপাদনকারী ও বিক্রয়কারী প্রতিষ্ঠান হতে ঔষধের নমুনা সংগ্রহ করে পরীক্ষা ও বিশ্লেষণের জন্য ড্রাগ টেস্টিং ল্যাবরেটরীতে প্রেরণ করে থাকে।

১২। ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক পরিচালিত কিছু বিশেষ অভিযানঃ

১। মিডফোর্ডে পরিচালিত অভিযান:- মিডফোর্ডে একটি বাড়িতে অভিযান পরিচালনা করা হয় এবং খাটের নীচ হতে নকল ঔষধ উদ্ধার করা হয়।



চিত্র: মিডফোর্ডে পরিচালিত অভিযানে একটি বাড়ির খাটের নীচ হতে নকল ঔষধ উদ্ধার

২। ফার্মগেট এলাকায় পরিচালিত অভিযান:- ফার্মগেট, ঢাকা মোবাইল কোর্ট পরিচালনাকালীন জব্দকৃত নকল-ভেজাল ঔষধ।



চিত্র: নকল ঔষধ জব্দ, ফার্মগেট, ঢাকা

৩। **গুলশান ও তেজগাঁও এলাকায় পরিচালিত অভিযান:-** গুলশান ও তেজগাঁও এলাকায়, ঔষধ প্রশাসন অধিদপ্তর ও র‍্যাব-৩ এর যৌথ সমন্বয়ে একটি অভিযান পরিচালিত হয়। অভিযানে রেজিস্ট্রেশনবিহীন মেডিকেল অক্সিজেন গ্যাস, ড্রাগ লাইসেন্সবিহীন দোকানে অস্বাস্থ্যকর পরিবেশে সংরক্ষণ ও অতিরিক্ত মূল্যে বিক্রয়ের অপরাধে মোট ০৪ (চার) টি প্রতিষ্ঠানের মালিককে সর্বমোট ১৫,০০,০০০/- (পনের লক্ষ টাকা) জরিমানা করা হয় এবং ০১ জনকে ০১(এক) বছরের কারাদণ্ড প্রদান করা হয়।



চিত্র: গুলশান ও তেজগাঁও এলাকায় পরিচালিত অভিযান

৪। **বরিশাল শহরের গির্জা মহল্লা এলাকায় পরিচালিত মোবাইল কোর্টঃ** ১৫ জুন ২০২০ এ বরিশাল জেলার সাগরদী এলাকায় ঔষধ প্রশাসন ও জেলা প্রশাসনের যৌথ অভিযানে পুলিশ ও স্থানীয় জনগণের সহযোগিতায় একটি বাড়ী থেকে আনুমানিক ১০ কোটি টাকা মূল্যের নকল ঔষধ, উৎপাদনের বিভিন্ন কাঁচামাল এবং মেশিন উদ্ধার করা হয়। এসময় ড্রাগ অ্যাক্ট ১৯৪০ এর ১৮ ধারায় অপরাধ আমলে নিয়ে নকল ঔষধ উৎপাদন ও তা বিক্রির জন্য একই আইনের ২৭ ধারায় দুইজনকে ১ বছরের বিনাপ্রশম কারাদণ্ড ও ৫ লক্ষ টাকার অর্থদণ্ড দেওয়া হয়; অর্থদণ্ড অনাদায়ে আরো ৬ মাসের কারাদণ্ড প্রদান করা হয়। একইসাথে উৎপাদন স্থলটি সিলগালা করা হয়।



চিত্র: বরিশাল শহরের গির্জা মহল্লা এলাকায় পরিচালিত মোবাইল কোর্ট

৫। **অবৈধ নকল হ্যান্ড স্যানিটাইজার উৎপাদনকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরিচালিত অভিযানঃ** ২৯/০৬/২০২০, সোমবার চট্টগ্রাম মহানগরীর সুপারিওয়ালাপাড়া, দেওয়ানহাটে এ আর চট্টলা কেমিক্যাল নামক একটি নকল হ্যান্ড স্যানিটাইজার উৎপাদনকারী প্রতিষ্ঠানে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। প্রতিষ্ঠানটি ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদন ছাড়া স্বনামধন্য কিছু প্রতিষ্ঠানের আদলে বিভিন্ন ধরনের রং, ফ্লেভার ও পিস্টি মিশ্র করে একটি বন্ধ রুমে বিভিন্ন সাইজের বোতল ভর্তি করে নকল হ্যান্ড স্যানিটাইজার উৎপাদন করছে। মোবাইল কোর্টে প্রতিষ্ঠানটির মালিককে ঔষধ আইন ১৯৪০ অনুযায়ী ৬ মাসের বিনাপ্রশম কারাদণ্ড ও ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা

জরিমানা করা হয়। অভিযানে প্রায় ২০ লক্ষ টাকার মত অবৈধ হ্যান্ডস্যানিটাইজার, লেবেল, কেমিকেল, ফ্লেভার, খালি বোতল জব্দ করে ধ্বংস করা হয় এবং প্রতিষ্ঠানটি সিলগালা করে দেওয়া হয়।



চিত্র: চট্টগ্রাম মহানগরীর সুপারিওয়ালাপাড়া, দেওয়ান হাটে এ আর চট্টলা কেমিক্যাল নামক একটি নকল হ্যান্ড স্যানিটাইজার উৎপাদনকারী প্রতিষ্ঠানে পরিচালিত মোবাইল কোর্ট।

৬। ঢাকাস্থ বিএমএ ভবনে পরিচালিত অভিযান: ঢাকাস্থ শাহবাগ এলাকার বিএমএ ভবনের আনুমানিক ১৫ টি মেডিকেল ডিভাইসের দোকান ও বিএমএ ভবন সংলগ্ন ফুটপাথের আনুমানিক ১০ টি ভ্রাম্যমাণ দোকানে ঔষধ প্রশাসন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা জেলা প্রশাসন ও শাহবাগ থানার সমন্বয়ে একটি অভিযান পরিচালিত হয়। অভিযানে রেজিস্ট্রেশনবিহীন, এনওসি বিহীন ও নকল হ্যান্ড স্যানিটাইজার, K95 মাস্ক মওজুদ ও বিক্রয়ের অপরাধে মোট ০৭ জনকে, সর্বমোট ১,২৪,০০০/- জরিমানা করা হয়।



চিত্র: ঢাকাস্থ বিএমএ ভবনে পরিচালিত অভিযান

৭। ফেনী জেলায় পরিচালিত অভিযান:- ফেনী জেলার দাগনভূঞা উপজেলা বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। সঠিক তাপমাত্রায় ঔষধ সংরক্ষণ না করা, আন-রেজিস্টার্ড ঔষধ ও স্যালাইন রাখা, এন্টিবায়োটিক রেজিস্টার ব্যবহার না করে এন্টিবায়োটিক বিক্রয়, ফার্মাসিউটের অনুপস্থিতি, মেয়াদোত্তীর্ণ ঔষধ অব্যবস্থানীয় দায়ে ৬টি ফার্মেসীকে জরিমানা করা হয়।



চিত্র: ফেনী জেলার দাগনভূঞা উপজেলা বাজারে ডায়াশ্যাপ আদালত

৮। নরসিংদীর মাধবদীতে মোবাইল কোর্ট :- নরসিংদী জেলার মাধবদী থানার স্কুল মার্কেটে ফার্মেসীতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। ফার্মেসীতে নকল Seclo (Secno 20), ফুড সাপ্লিমেন্ট, ফিজিশিয়ান স্যাম্পল ও অননুমোদিত হ্যান্ডস্যানিটাইজার বিক্রয় ও সংরক্ষণ করা এবং ড্রাগ লাইসেন্সবিহীন অবৈধ ভাবে বাবসা করার অপরাধে মোট ০৩ টি ফার্মেসিকে জরিমানা করা হয়। মাধবদী থানার রেডজোন হিসেবে চিহ্নিত ৪ ও ৫ নং ওয়ার্ডের বাসিন্দারা লকডাউন ত্রিক মতো মানছে কিনা --তা ঘুরে দেখা হয়।



চিত্র: নরসিংদী জেলার মাধবদী থানার স্কুল মার্কেটে ফার্মেসীতে মোবাইল কোর্ট পরিচালনা

১৩। মেয়াদোত্তীর্ণ ঔষধের বিষয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক গৃহীত পদক্ষেপঃ

একটি মেয়াদোত্তীর্ণ ঔষধও জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এ লক্ষ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তর ফার্মেসীসমূহকে নির্দেশ প্রদান করেছে- “ফার্মেসীর কোথাও মেয়াদ উত্তীর্ণ ঔষধ মওজুদ/ সংরক্ষণ” করা যাবে না। মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রয়ের জন্য সেলফ/ড্রয়ার/ রেফ্রিজারেটর অথবা ফার্মেসীর অন্য কোথাও পাওয়া গেলে জব্দকরতঃ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মেয়াদোত্তীর্ণ ঔষধ আলাদা কন্টেইনারে “মেয়াদোত্তীর্ণ ঔষধ, বিক্রির জন্য নয়” লাল কালি দিয়ে লিখে সংরক্ষণ করতে হবে এবং ক্ষয়সকরণের নিমিত্তে যথাশীঘ্র উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করতে হবে। এ বিষয়ে রেকর্ড সংরক্ষণ করতে হবে। ফার্মেসীতে মেয়াদোত্তীর্ণ ঔষধ পাওয়া গেলে ফার্মেসীটি সিলগালা/ বন্ধ করাসহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রতি সপ্তাহে কমপক্ষে একবার ফার্মেসীর সংশ্লিষ্ট ব্যক্তিগণ ফার্মেসী self inspection করবেন এবং ফার্মেসীতে কোন মেয়াদ উত্তীর্ণ ঔষধ পাওয়া গেলে তা ফার্মেসী হতে সরিয়ে ফেলতে হবে এবং এতদ্বিষয়ে রেকর্ড সংরক্ষণ করতে হবে।”

❖ মেয়াদোত্তীর্ণ ঔষধ সম্পর্কে সচেতনতামূলক গণবিজ্ঞপ্তি এবং ফার্মেসীতে মেয়াদোত্তীর্ণ ঔষধের ব্যবস্থাপনা প্রসঙ্গে ২০/০৬/২০১৯ হতে ২৪/০৬/২০১৯ পর্যন্ত বিভিন্ন তারিখে দৈনিক কালের কণ্ঠ, দৈনিক ইত্তেফাক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন এবং দৈনিক বর্তমান পত্রিকায় ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

❖ মেয়াদোত্তীর্ণ ঔষধ প্রতিরোধে জনসচেতনতামূলক সভাঃ

ঔষধ প্রশাসন অধিদপ্তরের উদ্যোগে দেশব্যাপী মেয়াদোত্তীর্ণ, নকল ভেজাল ঔষধ প্রতিরোধে ঔষধ প্রশাসন অধিদপ্তর জনসচেতনতামূলক সভা করেছে। সারাদেশব্যাপী ৪৩৩ টি জনসচেতনতামূলক সভা করা হয়েছে।

একই সাথে ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ সারাদেশ ব্যাপী ফার্মেসী পরিদর্শন, আনরেকর্ডিস্টার্ট, মেয়াদোত্তীর্ণ, নকল, ভেজাল ঔষধ জব্দকরণ ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেছে।



চিত্র: মেয়াদোত্তীর্ণ ঔষধ প্রতিরোধে রাজশাহীতে অনুষ্ঠিত জনসচেতনতামূলক সভা।

১৬ জুন হতে ৩০ সেপ্টেম্বর, ২০১৯ পর্যন্ত (হাইকোর্টের আদেশের পর ০১ জানুয়ারী হতে ৩১ জুলাই, ২০১৯ পর্যন্ত মেয়াদোত্তীর্ণ ঔষধের বিরুদ্ধে গৃহীত কার্যক্রমঃ

পরিদর্শনকৃত ফার্মেসীর সংখ্যা	মোবাইল কোর্টে মামলা দায়েরের সংখ্যা	মোবাইল কোর্টে মোট জরিমানা	ফার্মেসী সিলগালা	কারাদন্ড প্রদান
৬০৯২	২৩৩	১,৯৬,০৫,২০৩ টাকা (১কোটি ৯৬ লক্ষ ৫ হাজার ২০৩ টাকা)	১১ টি	০৫ জন

২৩.০৬.২০১৯ তারিখে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, স্মার্ট, ইম্পোর্টারস এসোসিয়েশন অব বাংলাদেশ, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল এর সাথে মেয়াদোত্তীর্ণ ঔষধ সকল ফার্মেসী হতে উত্তোলন এবং ক্ষয়সকরণ বিষয়ে মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত সভায় ০২/০৭/২০১৯ তারিখের মধ্যে উৎপাদনকারী ও আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক মেয়াদোত্তীর্ণ ঔষধ উত্তোলন ও ক্ষয়সকরণের সিদ্ধান্ত গৃহীত

হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক ঔষধ প্রশাসন অধিদপ্তর ঔষধ শিল্প সমিতি, বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি ও ইম্পোর্টার এসোসিয়েশন অব বাংলাদেশ বরাবর পত্র ইস্যু করে। উক্ত নির্দেশনা মোতাবেক ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলো ফার্মেসী হতে মেয়াদোত্তীর্ণ ঔষধ ফেরৎ নিয়েছে। ১৫৮টি প্রতিষ্ঠান (উৎপাদনকারী ও আমদানিকারক) ফেরত নেওয়া মেয়াদোত্তীর্ণ ঔষধগুলো স্থানীয় ঔষধ তত্ত্বাবধায়কের উপস্থিতিতে যথাযথ প্রক্রিয়ায় ধ্বংস করে রিপোর্ট প্রেরণ করেছে। ঔষধ প্রশাসন অধিদপ্তরে ২ কোটি ৩১ লক্ষ ৪ হাজার ৬৭২ ইউনিট ঔষধ ফার্মেসী হতে ফেরত নিয়েছে এবং ধ্বংস করেছে, যার আনুমানিক মূল্য ৩৬ কোটি ৪১ লক্ষ ৯৫ হাজার ৪৯৭ টাকা।



চিত্র: গাজীপুরে মেয়াদোত্তীর্ণ ঔষধ ধ্বংস করা হচ্ছে।

১৪। ডেঙ্গু আক্রান্ত রোগীর চিকিৎসার জন্য প্রয়োজনীয় প্যারাসিটামল জাতীয় ঔষধ, আইভি ফ্লুইড, ওআরএস, ডেঙ্গু সনাক্তকরণ কিট সরবরাহ নিশ্চিতকরণ বিষয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তরের গৃহীত কার্যক্রম:

জুলাই'২০১৯ এ হঠাৎ করে দেশে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পায়। হঠাৎ করে ডেঙ্গু ছরে আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায়, দেশে ডেঙ্গু আক্রান্ত রোগীর চিকিৎসার জন্য প্রয়োজনীয় প্যারাসিটামল জাতীয় ঔষধ, আইভি ফ্লুইড, ওআরএস, ডেঙ্গু সনাক্তকরণ কিট এর স্বল্পতা দেখা দেয়। ঔষধ প্রশাসন অধিদপ্তরের পরিপ্রেক্ষিতে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে।

১. ডেঙ্গু ছরে আক্রান্ত রোগীদের চিকিৎসায় ব্যবহৃত ঔষধ পর্যাপ্ত পরিমাণ সরবরাহ এবং নির্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্যে যেন বিক্রি না হয় সে বিষয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তর বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি এবং ইম্পোর্টার এসোসিয়েশন অব বাংলাদেশের প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা করে এবং ডেঙ্গু আক্রান্ত রোগীর চিকিৎসার জন্য প্রয়োজনীয় ঔষধ, আইভি ফ্লুইড, ওআরএস এর সরবরাহ নিশ্চিত করে।
 ২. ডেঙ্গু সনাক্তকরণের কিট আমদানির জন্য NOC প্রদান করা হয় এবং আমদানিকে দ্রুততর করার ব্যবস্থা করা হয়।
 ৩. দেশের মেডিক্যাল ডিভাইস উৎপাদনকারী প্রতিষ্ঠান ওএমসি হেলথ কেয়ার (প্রাঃ) লিঃ কর্তৃক ০৬ আগস্ট, ২০১৯ তারিখ হতে প্রতিদিন ৩৫,০০০ (পঁয়ত্রিশ হাজার) পিস ডেঙ্গু সনাক্তকরণের কিট উৎপাদন করার পদক্ষেপ গ্রহণ করা হয়।
 ৪. ০৩ আগস্ট, ২০১৯ তারিখ সকাল হতে ডেঙ্গু সনাক্তকরণ কিট এর সহজলভ্যতা প্রাপ্তির লক্ষ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তরে হটলাইন ব্যবস্থা চালু করা হয়। ডেঙ্গু সনাক্তকরণ কিট কোথায় পাওয়া যাবে এ বিষয়ে তথ্য প্রদানের জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তরের একজন কর্মকর্তা সার্বক্ষণিক দায়িত্বপালন করেন। হটলাইন নম্বরঃ ০১৭০৮৫০৬০৪৭ ছিল।
 ৫. ডেঙ্গু ছরে আক্রান্ত রোগীদের চিকিৎসায় ব্যবহৃত ঔষধ এর মূল্য যেন বৃদ্ধি না পায় এবং মোড়কে উল্লেখিত মূল্যে বিক্রি হয় এ বিষয়ে জনসচেতনতামূলক সভাঃ
- ডেঙ্গু ছরে আক্রান্ত রোগীদের চিকিৎসায় ব্যবহৃত ঔষধ যেমনঃ প্যারাসিটামল, ওরাল ও আইভি স্যালাইন, কলয়েড এবং ডেঙ্গু পরীক্ষার কিট ও রিএজেন্ট এর মূল্য যেন বৃদ্ধি না পায় এবং মোড়কে উল্লেখিত মূল্যে বিক্রি করে এ বিষয়ে ৩৩ টি জেলায় মোট ৩৭ টি জনসচেতনতামূলক সভা করা হয়।
৬. ২৯.০৭.২০১৯, ৩০.০৭.২০১৯, ০১.০৮.১৯ ও ০৩.০৮.১৯ খ্রি: তারিখে ডেঙ্গু ছরে আক্রান্ত রোগীদের চিকিৎসায় ব্যবহৃত ঔষধ পর্যাপ্ত পরিমাণ সরবরাহ এবং নির্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্যে যেন বিক্রি না হয় সে বিষয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তর হতে প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।
 ৭. এশিয়ান টিভিতে স্ক্রল বারে ০৫ আগস্ট, ২০১৯ হতে নিয়োক্ত স্লোগান প্রচার করা হয়-

“ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক পর্যাপ্ত ডেঙ্গু সনাক্তকরণ কিট আমদানীর অনুমোদন প্রদান করা হয়েছে। প্রতিদিন পর্যাপ্ত পরিমাণ ডেঙ্গু সনাক্তকরণ কিট আমদানি নিশ্চিত করা হয়। প্রয়োজনীয় তথ্যের জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তরের হটলাইন ০১৭০৮৫০৬০৪৭ তে যোগাযোগ করুন।”- প্রচারে ঔষধ প্রশাসন অধিদপ্তর।

৮. ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখে মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাথে Diagnostics Reagents & Equipment Traders Association of Bangladesh এর নেতৃবৃন্দের সাথে ডেঙ্গু সনাক্তকরণের কিট (Dengue NS1 and IgG/IgM) এবং রিয়েজেন্ট আমদানী বিষয়ক এক জরুরী সভা অনুষ্ঠিত হয়।

উল্লিখিত সংগঠনটির অনুরোধ বিবেচনায় জনস্বাস্থ্য রক্ষার্থে ডেঙ্গু সনাক্তকরণে ব্যবহার্য রিয়েজেন্ট, কিট ও কিট উৎপাদনের কাঁচামাল এর উপর সাময়িকভাবে আমদানী শুল্ক ও ভ্যাট প্রত্যাহারসহ সরাসরি আমদানীর (Direct Purchase) সুবিধা প্রদানের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা বরাবর ৩০.০৭.২০১৯ ইং তারিখ ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক পত্র প্রদানপূর্বক অনুরোধ করা হয়। উক্ত পত্রে ডেঙ্গু সনাক্তকরণে ব্যবহার্য রিয়েজেন্ট, কিট ও কিট উৎপাদনের কাঁচামালের উপর আরোপিত আমদানী শুল্ক ও ভ্যাট প্রত্যাহার সুবিধা ৩০শে নভেম্বর, ২০১৯ খ্রিঃ পর্যন্ত প্রদান করার সুপারিশ করা হয়।

৯. ৩০ জুলাই, ২০১৯ তারিখে আমদানিকৃত ডেঙ্গু সনাক্তকরণের কিট (Dengue NS1 and IgG/IgM), রিয়েজেন্ট, ডায়গনস্টিক মেশিন এবং ডেঙ্গু চিকিৎসার জন্য ব্যবহৃত মেডিক্যাল ডিভাইস দ্রুত ছাড়পত্রকরণের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তর হতে কমিশনার, কাস্টম হাউজ বরাবর পত্র প্রেরণ করা হয়।

১৫। ভূটানে ঔষধ প্রেরণ:

মাননীয় প্রধানমন্ত্রী ভূটানে ২০১৯ সালে ব্যবহারের জন্যে ১ (এক) বছরের ঔষধ সৌজনা অনুদান হিসেবে ভূটান সরকারকে প্রদানের প্রতিশ্রুতি দেন। এ লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের উদ্যোগে ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান হতে ২০ কোটি টাকার সম্মুখের ঔষধ সংগ্রহ করে ভূটানে প্রেরণ করা হয়েছে।



চিত্র: ভূটানের প্রতিনিধিদের সাথে সভার স্থিরচিত্র

১০। COVID-19 সংক্রমণ প্রতিরোধে ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যক্রমঃ

চীনে করোনা ভাইরাস সংক্রমণের এর ভয়াবহতা দেখা দেবার পরপরই ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ২৮ জানুয়ারী, ২০২০ তারিখে করোনা ভাইরাস এর সংক্রমণ প্রতিরোধে পূর্ব প্রত্নুতিমূলক একটি সভা করা হয়। পরবর্তীতে ঔষধ ও মেডিক্যাল ডিভাইস উৎপাদনকারী ও আমদানিকারক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে বেশ কয়েকটি সভা অনুষ্ঠিত হয় এবং ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম গৃহীত হয়ঃ

ক) করোনা ভাইরাসে আক্রান্ত রোগীর চিকিৎসার জরুরী ঔষধ সরবরাহ নিশ্চিতকরণঃ

➤ করোনা রোগীর চিকিৎসার জন্য প্রয়োজনীয় ঔষধ ও মেডিক্যাল ডিভাইসের সহজলভ্যতা ও সহজ প্রাপ্যতা ঔষধ প্রশাসন অধিদপ্তর নিশ্চিত করেছে এবং মূল্য স্থিতিশীল রাখায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। যেমন, করোনা চিকিৎসার Investigational New Drugs (IND) Remdesivir inj USA ও Japan এর পরপরই বাংলাদেশে Emergency Use Authorization (EUA) প্রদান করেছে। Favipiravir Tablet Japan এর পরপরই বাংলাদেশে রেজিস্ট্রেশন প্রদান করেছে এবং উৎপাদন ও

সরবরাহ নিশ্চিত করেছে। এছাড়াও Ivermectin Tablet, Hydroxychloroquine Sulfate Tablet এর উৎপাদন ও প্রাপ্যতা সহজলভ্য করেছে। Covid-19 Vaccine COVISHIELD এর অনুকূলে Emergency Authorization (EAU) প্রদান করেছে। এতে করে জনগণের জন্য Covid Vaccine নিশ্চিত করা সম্ভব হয়েছে।

খ) ফেস, মাস্ক এর মান ও সরবরাহ নিশ্চিতকরণঃ

- বাংলাদেশেরে ডিসপোজবল ফেস মাস্ক উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে ডিসপোজবল ফেস মাস্ক এর দৈনিক উৎপাদন বৃদ্ধিকরতঃ বাজারে পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করতে নির্দেশ প্রদান করা হয়।
- হ্যান্ড গ্লভস্, ফেস মাস্ক এবং ফেস মাস্ক উৎপাদনে ব্যবহৃত কাঁচামালেরে উপর আরোপিত ভ্যাটসহ সকল ধরনের শুল্ক মওকুফের জন্য জাতীয় রাজস্ব বোর্ড, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও বানিজ্য মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়। যার ফলশ্রুতিতে অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (কাস্টমস) কর্তৃক উক্ত পদের আমদানির ভ্যাট ট্যাক্স মওকুফ করা হয়। পরবর্তীতে ঔষধ প্রশাসন অধিদপ্তর হতে N95/KN95/FFP2/Surgical mask আমদানির জন্য ১০১ টি প্রতিষ্ঠানকে অনাপত্তি সনদ (NOC) প্রদান করা হয়। এতে করে দেশে mask এর সরবরাহ নিশ্চিত হয়।
- দেশের চাহিদা পূরণের লক্ষ্যে ফেস মাস্কের রপ্তানি বন্ধের নির্দেশ প্রদান করা হয়। ফেস মাস্ক, হ্যান্ড গ্লভস এবং হ্যান্ড স্যানিটাইজার রপ্তানি রোধ করার জন্য ল্যান্ডপোর্ট, সী-পোর্ট এবং এয়ারপোর্টসমূহের কাস্টমস কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

গ) PPE এর মান ও সরবরাহ নিশ্চিতকরণঃ

- মার্চ, ২০২০ এ PPE উৎপাদন করতঃ দেশে একটি মাত্র প্রতিষ্ঠান-এরিস্টোফ্রেট এ্যাগ্রো লিঃ। পরবর্তীতে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ১৩৯টি প্রতিষ্ঠানকে PPE আমদানি, ২৩টি পোশাক উৎপাদনকারী প্রতিষ্ঠানকে mask উৎপাদন এবং ৪৯টি প্রতিষ্ঠানকে PPE উৎপাদনের জন্য NOC প্রদান করেছে।
- ০২টি লোকাল মেডিক্যাল ডিভাইস ম্যানুফ্যাকচারারকে ফেস শিল্ড উৎপাদনের জন্য NOC প্রদান করেছে।
NOC প্রদানকৃত ০২টি প্রতিষ্ঠান : ১। M/S Walton Hitech Industrices, ২। M/S Step Media Ltd
- mask এবং PPE এর কোয়ালিটি নিশ্চিত করার জন্য দেশের ০৮টি ISO সনদ প্রাপ্ত টেস্টিং ল্যাবরেটরীকে ঔষধ প্রশাসন অধিদপ্তর enlisted করা হয়েছে এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার গাইডলাইন মোতাবেক টেস্ট প্যারামিটার নির্ধারণ করতঃ mask এবং PPE টেস্টের জন্য একটি গাইডলাইন প্রণয়ন করা হয়েছে।

ল্যাব ৮টি :

১. Bureau Veritas Consumer Product Services (BD) Ltd. ২. Dysin International Ltd ৩. TUV SUD Bangladesh (Pvt.) Ltd. ৪. ULVS Bangladesh Ltd, ৫. SGS Bangladesh Ltd. ৬. Geo Chem Consumer Products Services (CPS) Ltd. ৭. ITS Labtest Bangladesh Ltd, ৮. TUV Rheinland Bangladesh Pvt. Ltd

ঘ) COVID-19 টেস্ট কীট এর মান ও সরবরাহ নিশ্চিতকরণঃ

COVID-19 এ আক্রান্ত রোগীর নমুনা পরীক্ষার জন্য ১৮টি প্রতিষ্ঠানকে RT-PCR টেস্ট কীট আমদানির জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তর হতে NOC প্রদান করা হয়েছে।

ঙ) হ্যান্ড সেনিটাইজার:

- জানুয়ারী, ২০২০ এ মাত্র ০৮টি প্রতিষ্ঠান হ্যান্ড সেনিটাইজার উৎপাদন করত, পরবর্তীতে দেশে করোনা সংক্রমণ দেখা দিলে জরুরী প্রয়োজনে আরও ৭৪টি প্রতিষ্ঠানকে হ্যান্ড সেনিটাইজার উৎপাদনের অনুমোদন দেওয়া হয়। দেশে হ্যান্ড স্যানিটাইজার এর চাহিদা মেটানোর জন্য ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের বাইরেও ২০টি প্রতিষ্ঠানকে জরুরী প্রয়োজনে হ্যান্ড স্যানিটাইজার উৎপাদনের NOC প্রদান করা হয়।

চ) মেডিক্যাল অক্সিজেন গ্যাস এর সরবরাহ নিশ্চিতকরণঃ

মার্চ, ২০২০ এ বাংলাদেশে মেডিক্যাল অক্সিজেন উৎপাদনকারী ৪টি প্রতিষ্ঠানকে দেশে জরুরী প্রয়োজনে ইন্ডাস্ট্রিয়াল অক্সিজেন গ্যাসের পরিবর্তে মেডিক্যাল অক্সিজেন গ্যাস উৎপাদন বৃদ্ধি ও সরবরাহ নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করা হয় এবং অক্সিজেন সিলিন্ডার ও গেসমিটার আমদানি বৃদ্ধি করতে বলা হয়। জরুরী প্রয়োজনে আরও ০৬টি অক্সিজেন গ্যাস উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মেডিক্যাল অক্সিজেন গ্যাস উৎপাদনের জন্য NOC প্রদান করা হয়েছে।

ছ) করোনা ভাইরাসে আক্রান্ত রোগীর চিকিৎসায় জরুরী ঔষধ সরবরাহ নিশ্চিতকরণঃ

- National Guidelines on Clinical Management of Coronavirus Disease 2019 (Covid-19) মোতাবেক করোনা রোগীর চিকিৎসায় ((off label) Hydroxyclozoquine 200 mg, Darunavir 80mg/Covicistat 150mg, Atazanavir 400mg, Oseltamivir 30mg, Favipiravir 200 mg এবং Lopinavir/ritonavir (200mg/50mg), Ivermectin ঔষধসমূহ জরুরী ভিত্তিতে উৎপাদনের জন্য রেজিস্ট্রেশন প্রদান করা হয় এবং বাজারে পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করা হয়।

বাংলাদেশে করোনা ভাইরাসে আক্রান্ত রোগীর চিকিৎসায় Remdesavir ইনজেকশন উৎপাদন ও ব্যবহারের জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ০৬ টি প্রতিষ্ঠানকে emergency use authorization প্রদান করা হয়। করোনা মহামারী সময়ে বাংলাদেশ হতে উক্ত ০৬ টি প্রতিষ্ঠান দেশের চাহিদা মিটিয়ে বিশ্বের ৩৭ টি দেশে ২২.৪০ মিলিয়ন ইউএস ডলার মূল্যের Remdesavir রপ্তানি করেছে।

জ) COVID-19 এর RT-PCR Test Kit, Antibody Test Kit, Antigen Test Kit এর Emergency Use Authorization (EUA)/NOC প্রদান সংক্রান্তঃ

- আমদানি ও স্থানীয়ভাবে উৎপাদনের নিমিত্তে ঔষধ প্রশাসন অধিদপ্তরের মেডিক্যাল ডিভাইস গাইড লাইন-২০১৫ মোতাবেক Class-C ও Class-D মেডিক্যাল ডিভাইস, IVD, COVID-19 এর RT-PCR Test Kit, Antibody Test Kit, Antigen Test Kit এর Emergency Use Authorization (EUA)/NOC প্রদান সংক্রান্ত নির্দেশনা নীতিমালা প্রণয়ন করা হয়েছে। যা ড্রাগ কন্ট্রোল কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে।

ঝ) COVID Vaccine এর Use Authorization (EUA) প্রদান সংক্রান্তঃ

- গত ০৭-০১-২০২১ তারিখে ChAdOx1 nCoV-19 Corona virus Vaccine (Recombinant) (“COVISHILD” also known as SARS-CoV-2 AZD1222, oxford/Astrazeneca Vaccine) আমদানির নিমিত্তে local agent Beximco Pharmaceuticals Ltd.-কে Emergency Use Authorization (EUA) প্রদান করা হয়েছে।

ঞ) No Mask No Service:

ঔষধ প্রশাসন অধিদপ্তরের উদ্যোগে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক “No Mask No Service” এর প্রচারণা করা হয়েছে।



চিত্রঃ ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক “No Mask No Service” এর প্রচারণা

ঢ) ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টঃ

করোনা সংক্রমণ পরিস্থিতিতে করোনা রোগীর চিকিৎসায় প্রয়োজনীয় জরুরী ঔষধ এর সহজলভ্যতা নিশ্চিত করতে এবং হ্যান্ড স্যানিটাইজার, টেস্ট কীট ও ফেস মাস্কের সরবরাহ ও মূল্য নিয়ন্ত্রণ করতে এবং নকল হ্যান্ড স্যানিটাইজার, টেস্ট কীট ও ফেস মাস্কের বিক্রয়কারীদের বিরুদ্ধে সারাদেশে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। জুন'২০২০ এ মোবাইল কোর্টে মামলা দায়ের করা হয়েছে ১০০ টি, ৪৯,৬৯০০০ টাকা জরিমানা করা হয়েছে এবং কারাদণ্ড প্রদান করা হয়েছে ৯ জন ব্যক্তিকে।

১১। ফাংশনাল রেগুলেটরি অথরিটিঃ

বিশ্ব স্বাস্থ্য সংস্থার দিকনির্দেশনা অনুযায়ী একটি কার্যকর ঔষধ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের ৯টি ফাংশন থাকতে হবে। ফাংশনগুলো-

1. National Regulatory System (RS)
2. Registration and Marketing Authorization (MA)
3. Pharmacovigilance (PV)
4. Market Surveillance and Control (MC)
5. Licensing Premises (LI)
6. Regulatory Inspection (RI)
7. Laboratory Access and Testing (LA)
8. Clinical Trial's Oversight (CTO)
9. NRA Lot Release (LR)

ঔষধ প্রশাসনের WHO PQ অর্জনের কার্যক্রমঃ

আন্তর্জাতিক পরিসরে একটি কার্যকর ঔষধ নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) স্বীকৃতি পেতে হলে উল্লিখিত প্রতিটি ফাংশন যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। ঔষধ প্রশাসন অধিদপ্তরকে WHO listed অথরিটি হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে মার্চ ২০১৬ তে WHO সহ অন্যান্য উন্নয়ন সহযোগী (WHO, USAID, USP, MSH) প্রতিষ্ঠানের অংশগ্রহণে একটি 5-Yr strategic plan ২০১৭-২১, WB Plan প্রণয়ন করা হয়েছে। উক্ত অনুসারে এই ৯টি ফাংশনের উপর তিতি করে ঔষধ প্রশাসন অধিদপ্তরে ৯টি সেল গঠন করা হয়েছে। ঔষধ প্রশাসন WHO Maturity Level -3 অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় গাইডলাইন, এসওপি (SOP) তৈরী ও প্রণয়ন করার কাজ দ্রুত এগিয়ে চলছে যা কর্মসম্পাদন পদ্ধতিকে standardized ও Harmonized করছে। এক্ষেত্রে WHO, USAID, USP-PQM+, MSH-MTaPS, WB কারিগরি ও দক্ষতা বৃদ্ধির সহযোগিতা প্রদান করছে। বর্তমানে ৭জন Consultant ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাথে নিরলসভাবে কাজ করছে। ঔষধ প্রশাসন অধিদপ্তর WHO PQ অর্জনের লক্ষ্যে Drug Act 2019 ২০১৯ প্রণয়নের কাজ করছে। এছাড়াও NCL এর অর্জনের জন্য Vaccine Laboratory কে WHO PQ করার লক্ষ্যে Capacity building এর কার্যক্রম চলছে।

MRA Function assessed	Subindicators implemented/Specified to be implemented	Indicators implemented/Specified to be implemented	Subindicators implementation %	Maturity level
01-NATIONAL REGULATORY SYSTEM (RS)	30.0/33.0	8 out of 10	91.0%	1
02-REGISTRATION AND MARKETING AUTHORIZATION (MA)	26.75/29.0	5 out of 6	89.0%	1
03-VIGILANCE (VL)	17.5/21.0	6 out of 6	83.0%	1
04-MARKET SURVEILLANCE AND CONTROL (MC)	18.0/20.0	5 out of 6	90.0%	1
05-LICENSING ESTABLISHMENT (LI)	12.5/15.0	4 out of 6	83.0%	1
06-REGULATORY INSPECTION (RI)	13.5/16.0	5 out of 6	78.0%	1
07-LABORATORY TESTING (LT)	21.0/24.0	9 out of 10	86.0%	1
08-CLINICAL TRIAL'S OVERSIGHT (CTO)	21.0/24.0	5 out of 6	88.0%	1
09-NRA LOT RELEASE (LR)	16.75/16.0	5 out of 6	67.0%	1

02.03.2020 | Bangladesh Benchmarking 16 - 20 Sep 2018

১২। ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ২০১৯-২০২০ অর্থ বছরে সম্পাদিত কার্যাবলীঃ

ক্রমিক নং	বিষয়	সংখ্যা (টি)
১	ঔষধ উৎপাদনের অনুমোদিত প্রকল্প	০৯
২	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন	১৩৬
৩	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নতুন উৎপাদন লাইসেন্স প্রদান	১১

১৩। ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিসংখ্যান:

Types of products	No. of Production Units	Functional	Production Marketing Held-up	Suspend
Allopathic	280	209	10	61
Unani	279	262	4	13
Ayurvedic	205	185	2	18
Homoeopathic	79	64	1	14
Herbal	36	36	0	0
Total :	879	756	17	106

১৪। ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকাণ্ডঃ

১৪.১। ২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত খুচরা ড্রাগ লাইসেন্স নবায়নের তুলনামূলক পরিসংখ্যানঃ


সাল	খুচরা ড্রাগ লাইসেন্স নবায়নের সংখ্যা
২০১২	২১৩৩৭
২০১৩	২৭২৯৬
২০১৪	২৭৮৭৫
২০১৫	৩২৯৯১
২০১৬	৩৪৮৪৪
২০১৭-২০১৮	২৯০৯৫
২০১৮-২০১৯	৩৭০২৯
২০১৯-২০২০	২৯৭০০



চিত্রঃ ২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত ড্রাগ লাইসেন্স নবায়নের তুলনামূলক চিত্র

১৪.২। ২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত পরিদর্শনকৃত ফার্মেসীর পরিসংখ্যানঃ

সাল	পরিদর্শনকৃত ঔষধের দোকানের সংখ্যা
২০১২	২৮০১৯
২০১৩	৩৪৪৭৩
২০১৪	৪৯৮১৪
২০১৫	৫৭৭৩৪
২০১৬	৬১৯৪৫
২০১৭-২০১৮	৫৭১৭৫
২০১৮-২০১৯	৫৯৮৮৩
২০১৯-২০২০	৫৫২০০



চিত্রঃ ২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত জেলাভিত্তিক পরিদর্শনকৃত ফার্মেসীর তুলনামূলক চিত্র

১৪.৩। ২০১২ হতে ২০১৯-২০২০ সাল পর্যন্ত পরিদর্শনকৃত ঔষধ প্রস্তুতকারী কারখানার তুলনামূলক পরিসংখ্যান (একাধিকবার পরিদর্শনসহ):

সাল	পরিদর্শনকৃত ঔষধ প্রস্তুতকারী কারখানার সংখ্যা (একাধিকবার পরিদর্শনসহ)
২০১২	৭৮৭
২০১৩	৯৭৫
২০১৪	১০৯৪
২০১৫	১৩৩৮
২০১৬	১৪৮১
২০১৭-২০১৮	১১৩৬
২০১৮-২০১৯	১৩৩৩
২০১৯-২০২০	১২০০



চিত্র: ২০১২ হতে ২০১৯-২০২০ সাল পর্যন্ত পরিদর্শনকৃত ঔষধ প্রস্তুতকারী কারখানার তুলনামূলক পরিসংখ্যান

১৪.৪। ড্রাগ কোর্ট, ম্যাজিস্ট্রেট কোর্ট ও মোবাইল কোর্টে দায়েরকৃত মামলার বিবরণঃ

বাস	ঔষধ আদালতে মামলা	ম্যাজিস্ট্রেট আদালতে মামলা	মোবাইল কোর্টে মামলা	অরিমানা (টাকা) মোবাইল কোর্ট	ফরেনসী/প্রতিষ্ঠান সিলপালা	কল্লামড (বিভিন্ন বেয়াপে)	অবৈধ ঔষধ জন্ম মোবাইল কোর্ট/ নিরসিত জন্ম (টাকা)
জুলাই'১৯	০	১	২৯৭	১৯০৯২০০০	৬ টি	১ জন	৫৭৮৭৯৭৪
আগস্ট' ১৯	০	১	১৬৯	১১০৫৭৫০৫	-	৬ জন	১০৪২৯০২৯৫
সেপ্টেম্বর'১৯	০	৩	১৬২	৬০০৭৮০০	৩ টি	-	৬৬১৬৮৬৫
অক্টোবর'১৯	০	২	১৮৪	১৪৮৫৩০০	৩ টি	-	২৩৮১৬৩৫
নভেম্বর' ১৯	১	১০	২১৬	৫৭৭৪৮০০	৪ টি	-	৯৩০৪৪০
ডিসেম্বর' ১৯	০	১১	১৭৮	২৩৩২৮০০	২টি	৯ জন	২০০৬০২০
জানুয়ারী'২০	১	৪	১৭২	২৪৮৪০০৩	-	-	২৬৪৪৮৩০
ফেব্রুয়ারী'২০	০	৪	১৪১	১৫৯৭০০০	২টি	-	১০৬২৩৮০
মার্চ' ২০	০	৫	১৮৮	৩৬২৭০০০	-	-	১০৩৪৬৪৪৯৪
এপ্রিল' ২০	০	০	৮	৩৫৫০০০	-	-	৬৭০০০
মে' ২০	০	০	৮১	৮২০০০০	-	-	১৯৩৪৫৫৫
জুন' ২০	০	০	১৬৮	৮২৮৫৫০০	-	২৭ জন	১৭৩৪২৮০
মোট	২	৪১	১৯৬৪	১১৬৯১৮৭০৮	১৮ টি	৪৩জন	২৩২৯২০৭৬৮

১৪.৫। ২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত দায়েরকৃত মামলার তুলনামূলক পরিসংখ্যানঃ

বছর	ঔষধ আদালতে মামলা	ম্যাজিস্ট্রেট আদালতে মামলা	মোবাইল কোর্টে মামলা	জরিমানা (টাকা)
২০১২	৩	৫	১৬০	৩১ লক্ষ ৫৭ হাজার ৯০০ টাকা
২০১৩	১৯	৭	৬৪৬	৪ কোটি ২০ লক্ষ ৯২০০০ টাকা
২০১৪	৩১	২	৮৯২	১০ কোটি ৫৭ লক্ষ ১ হাজার ১০০ টাকা
২০১৫	২৭	৬	১২৩৫	২৯ কোটি ৯৭ লক্ষ ৫ হাজার ৩০০ টাকা
২০১৬	৪১	৬৪	২১৬৯	৬ কোটি ৬৬ লক্ষ ২৭ হাজার ৭০০ টাকা
২০১৭-২০১৮	১২	১৬	১২৫৮	১ কোটি ৮৫ লক্ষ ৬৫ হাজার ৯০০ টাকা
২০১৮-২০১৯	৭	৫৩	২০২১	৬ কোটি ৫১ লক্ষ ২৮ হাজার ৯৩৯ টাকা
২০১৯-২০২০	২	৪১	১৯৬৪	২৩ কোটি ২৯ লক্ষ ২০ হাজার ৭৬৮ টাকা

১৪.৬। ২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত পরীক্ষা ও বিশ্লেষণের নিমিত্তে ড্রাগ টেস্টিং ল্যাবরেটরীতে প্রেরিত ঔষধের নমুনার তুলনামূলক পরিসংখ্যানঃ


সাল	প্রেরিত ঔষধের নমুনার সংখ্যা
২০১২	২৪২৭
২০১৩	৩৬২৫
২০১৪	৫৫২৯
২০১৫	৫৪৪৩
২০১৬	৫৮৫৯
২০১৭-২০১৮	১১৬৭
২০১৮-২০১৯	৩৩০৪
২০১৯-২০২০	৩৩৯৭



চিত্রঃ ঔষধের নমুনা প্রেরণের তুলনামূলক পরিসংখ্যান


১৪.৭। ২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত রাজস্ব আদায়ের তুলনামূলক পরিসংখ্যানঃ

সাল	রাজস্ব আদায় (টাকা)
২০১২	১৪৯০২১৯৪৯.০০
২০১৩	১৭৫৯৮৪৩৬১.০০
২০১৪	১৭৫৫১৩২৫৮.০০
২০১৫	১৮৮৪১২০৯৫.০০
২০১৬	২১৫৩৮৫২৯১.০০
২০১৭-১৮	১৬৫৪২৪৬৬৫.০০
২০১৮-২০১৯	২০২৫২১৬৮৬.০০
২০১৯-২০২০	২০৪৭৪৩৫৬১.০০



১৪.৮। ২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী, ঢাকা কর্তৃক প্রাপ্ত নমুনা পরীক্ষা ও বিশ্লেষণ এর তুলনামূলক পরিসংখ্যান


সাল	প্রাপ্ত ঔষধের নমুনা পরীক্ষার সংখ্যা
২০১২	২১৫৭
২০১৩	৪৬৩৫
২০১৪	৫৪০৯
২০১৫	৬৮৬৮
২০১৬	৭৩৩৪
২০১৭-২০১৮	২৬৯২
২০১৮-২০১৯	২৩৩১
২০১৯-২০২০	৩৮০৯



চিত্র: ২০১২ হতে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী, ঢাকা কর্তৃক প্রাপ্ত নমুনা পরীক্ষা ও বিশ্লেষণ এর তুলনামূলক পরিসংখ্যান

১৪.৯। সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী, চট্টগ্রাম কর্তৃক প্রাপ্ত নমুনা এবং পরীক্ষা ও বিশ্লেষণ সংক্রান্ত বিবরণী

সাল	প্রাপ্ত ঔষধের নমুনা পরীক্ষা ও বিশ্লেষণ এর সংখ্যা
২০১২	৫২৪
২০১৩	৪৬৬
২০১৪	১০৩৬
২০১৫	২৯৪৪
২০১৬	১৫০৯
২০১৭-২০১৮	৫৪১
২০১৮-২০১৯	৪২০
২০১৯-২০২০	৪৯৩



চিত্র: সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী, চট্টগ্রাম কর্তৃক প্রাপ্ত নমুনা এবং পরীক্ষা ও বিশ্লেষণ সংক্রান্ত বিবরণী

১৪.১০। ২০১৯-২০২০ অর্থ বছরে ঔষধ রপ্তানীর জন্য ইস্যুকৃত CPP (Certificate of Pharmaceutical Product), রপ্তানী লাইসেন্স Form-10 A, GMP (Good Manufacturing Practices) সার্টিফিকেট, FSC (Free Sale Certificate) এর পরিসংখ্যানঃ

ইস্যুকৃত CPP (Certificate of Pharmaceutical Product)	ইস্যুকৃত FSC (Free Sale Certificate)	ইস্যুকৃত রপ্তানী লাইসেন্স Form-10 A	ইস্যুকৃত GMP (Good Manufacturing Practices) সার্টিফিকেট
৬৩৭৩	১৩১৪	১৭২৪	৫৫

১৪.১১। DGDA Alert Notice:

ঔষধ প্রশাসন অধিদপ্তর হতে ২০১৯-২০২০ অর্থ বছরে ২ (দুই) টি Alert Notice দেওয়া হয়েছে।

ক্রম. নং	Alert Notice এর তারিখ	সূত্র	বিষয়	যে সমস্ত প্রতিষ্ঠানের ঔষধ সিকল করা হয়েছে	গৃহীত ব্যবস্থা
১.	২৯/০৮/২০১৯	WHO Medical product alert N° 9/2019	বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) সম্প্রতি মেডিক্যাল প্রোডাক্ট এলার্ট N° 9/2019-এ এই মর্মে সতর্ক করেছে যে, SmitjLkine Beecham Limited কর্তৃক উৎপাদিত Augmentin (Amoxicilin Trihydrate-Potassium Clavulanate) 625 mg (14Tablets) এর একটি ব্যাচ (Batch No: 786627), উপাত্ত এবং কেনিয়ার বাজারে নকল (Falsified) হিসেবে পাওয়া গিয়েছে।	SmitjLkine Beecham Limited কর্তৃক উৎপাদিত Augmentin (Amoxicilin Trihydrate-Potassium Clavulanate) 625 mg (14Tablets) এর একটি ব্যাচ (Batch No: 786627)	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে উক্ত নমুনা বাজারে পাওয়া গেলে জব্দ করার নির্দেশ প্রদান করা হয়।
২.	০৭/১০/২০২০	WHO Medical product alert N° 10/2019	বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) সম্প্রতি মেডিক্যাল প্রোডাক্ট এলার্ট N° 10/2019-এ এই মর্মে সতর্ক করেছে যে, Phamachim Bulgaria and Enitop Pharmaccuticals Nlg. Ltd. কর্তৃক উৎপাদিত QUININE Bisulphate BP 300 mg.(Batch No: 7711006) ও Phamachim, Bulgaria কর্তৃক উৎপাদিত QUININE Bisulphate BP 800 mg.(Batch No: 00952005) সেন্ট্রাল আফ্রিকান প্রজাতন্ত্রে এর বাজারে Laboratory & Allied Ltd কর্তৃক উৎপাদিত QUININE Bisulphate 300 mg B.P.(Batch No: 7422) , উপাত্তর বাজারে এবং QUININE Bisulphate BP 300 mg, Phamachim Bulgaria and Enitop Pharmaccuticals Nlg. Ltd. কর্তৃক উৎপাদিত (Batch No: 7711004) টাদের বাজারে নকল (Falsified) হিসেবে পাওয়া গিয়েছে।	Phamachim Bulgaria and Enitop Pharmaccuticals Nlg. Ltd. কর্তৃক উৎপাদিত QUININE Bisulphate BP 300 mg.(Batch No: 7711004 ও 7711006) ও Phamachim, Bulgaria কর্তৃক উৎপাদিত QUININE Bisulphate BP 800 mg.(Batch No: 00952005) এবং Laboratory & Allied Ltd কর্তৃক উৎপাদিত QUININE Bisulphate 300 mg B.P.(Batch No: 7422	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে উক্ত নমুনা বাজারে পাওয়া গেলে জব্দ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয়।

১৫। তথ্য অধিকার আইন অনুযায়ী সরবরাহকৃত তথ্যের বিবরণীঃ

তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির লক্ষ্যে ২০১৯-২০২০ সালের সমন্বিত তথ্যাদি

কর্তৃপক্ষের নাম	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ফরমেট অনুযায়ী তথ্য সরবরাহের জন্য আবেদনের সংখ্যা।	তথ্য সরবরাহের মাধ্যমে নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা।	অনুরোধ কৃত তথ্য না দেয়ার সিদ্ধান্তের সংখ্যা ও উক্ত সিদ্ধান্ত গ্রহণের কারণ	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে আপীলের সংখ্যা।	আপীল নিষ্পত্তির সংখ্যা।	কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে গৃহীত শাসনামূলক ব্যবস্থার সংখ্যা।	তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ এর বিধি ৮ অনুযায়ী তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থের পরিমাণ।	কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিবরণ	মন্তব্য
২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ডবন, মহাখালী ঢাকা - ১২১২	০৭ (সাত) টি	০৭ (সাত) টি	নাই	নাই	-	নাই	১২৪ (একশত চব্বিশ) টাকা মাত্র	ঔষধ প্রশাসন অধিদপ্তরের ই-মেইল, ফেইসবুকের মাধ্যমে নিয়মিত তথ্য প্রদান করা হয়ে থাকে।	নাই

১৬। ঔষধ প্রশাসন অধিদপ্তরের মানব সম্পদ উন্নয়ন কার্যক্রমঃ

১৬.১ দেশে প্রশিক্ষণ কর্মশালা: ২০১৯-২০২০

ক্রমিক নং	প্রশিক্ষণের বিষয়/শিরোনাম	সময়কাল ও স্থান	উদ্যোক্তা	সহযোগী প্রতিষ্ঠান	অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা
১.	Training on data collection, analysis and reporting using WHO Smartphone application MedMon for access to medicines survey in Bangladesh	১০ জুলাই, ২০১৯ ১দিন ব্যাপি	WHO		১. জনাব মোঃ ইকবাল হোসেন ঔষধ তত্ত্বাবধায়ক, নারায়নগঞ্জ ২. জনাব আহসান হাবীব, ঔষধ তত্ত্বাবধায়ক, বগুড়া ৩. জনাব মোঃ মাসুদুজ্জামান খান, ঔষধ তত্ত্বাবধায়ক, নোয়াখালী ৪. জনাব মোঃ তৌহিদুল ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক, রংপুর। ৫. জনাব মোঃ আবদুর বারী, ঔষধ তত্ত্বাবধায়ক, ময়মনসিংহ ৬. জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, ঔষধ তত্ত্বাবধায়ক, সাতক্ষীরা ৭. জনাব এস এম সুলতানুল আরেফীন, ঔষধ তত্ত্বাবধায়ক, বরিশাল ৮. জনাব শিকদার কামরুল ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক, সিলেট। মোট=৮জন।
২.	National Training on Chemical incident Preparedness for hospitals	২২-২৪ জুলাই, ২০১৯ ৩ দিন ব্যাপি	BNACWC		১. জনাব এটিএম গোলাম কিবরিয়া ঔষধ তত্ত্বাবধায়ক মোট=১জন।
৩.	Training on Minilab in Chittagram Bangladesh	৩-৫ আগস্ট, ২০১৯ ৩ দিন ব্যাপি	WHO		১. লাবনী বাউড়, ঔষধ তত্ত্বাবধায়ক, ডিটিএল, ঢাকা।

				<p>২. প্রিয়াংকা দাশগুপ্তা, ঔষধ তত্ত্বাবধায়ক, কক্সবাজার।</p> <p>৩. জনাব মোঃ মাসুদুজ্জামান খান, ঔষধ তত্ত্বাবধায়ক, নোয়াখালী</p> <p>৪. জনাব হোসেন মোহাম্মদ ইমরান ঔষধ তত্ত্বাবধায়ক, চট্টগ্রাম।</p> <p>৫. জনাব সালমা সিদ্দিকা ঔষধ তত্ত্বাবধায়ক, ফেনী।</p> <p>৬. জনাব মোঃ কামরুল হাসান, ঔষধ তত্ত্বাবধায়ক, চট্টগ্রাম।</p> <p>মোট=৬জন।</p>
8.	Training on Drug Registration Dossier Evaluation	০৪ সেপ্টেম্বর ২০১৯ ০১দিন ব্যাপি	DGDA & USAID MTaPS/MSH	<p>১. জনাব মোঃ মুহল আমিন, পরিচালক (চঃদাঃ), অত্র অধিদপ্তর</p> <p>২. জনাব ড. খন্দকার ছপীর আহমেদ, পরিচালক(চঃদাঃ), অত্র অধিদপ্তর</p> <p>৩. জনাব মোঃ আলতাক হোসেন, উপপরিচালক, অত্র অধিদপ্তর</p> <p>৪. জনাব মোঃ আইয়ুব হোসেন, উপপরিচালক, অত্র অধিদপ্তর</p> <p>৫. জনাব মোঃ আসরাফ হোসেন, সহকারী পরিচালক, অত্র অধিদপ্তর</p> <p>৬. জনাব মোহাম্মদ মোজাম্মেল হোসেন, সহকারী পরিচালক, অত্র অধিদপ্তর</p> <p>৭. জনাব জনাব মোঃ ইয়াহইয়া, সহকারী পরিচালক, অত্র অধিদপ্তর</p> <p>৮. জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী পরিচালক, অত্র অধিদপ্তর</p> <p>৯. জনাব মোহাম্মদ নাসিম গোলদার, সহকারী পরিচালক, অত্র অধিদপ্তর</p> <p>১০. জনাব মোঃ নূরুল আলম, সহকারী পরিচালক, অত্র অধিদপ্তর</p> <p>১১. জনাব তানজীর আহমেদ, ঔষধ তত্ত্বাবধায়ক, অত্র অধিদপ্তর</p> <p>১২. জনাব গুলশান জাহান, ঔষধ তত্ত্বাবধায়ক, অত্র অধিদপ্তর</p> <p>১৩. জনাব সৈকত কুমার কর, ঔষধ তত্ত্বাবধায়ক, অত্র অধিদপ্তর</p> <p>১৪. জনাব মোঃ রাজিবুল হাবিব, ঔষধ তত্ত্বাবধায়ক, অত্র অধিদপ্তর</p> <p>১৫. জনাব মাহবুব হোসেন, ঔষধ তত্ত্বাবধায়ক, অত্র অধিদপ্তর</p> <p>১৬. জনাব এস এম সাবরীনা ইয়াছমিন, ঔষধ তত্ত্বাবধায়ক, অত্র অধিদপ্তর</p> <p>১৭. জনাব মোঃ ফখরুল ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক, অত্র অধিদপ্তর</p> <p>১৮. জনাব মোঃ মুহিদ ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক, অত্র অধিদপ্তর</p> <p>১৯. জনাব মোঃ মনির উদ্দিন আহমেদ, ঔষধ তত্ত্বাবধায়ক, অত্র অধিদপ্তর</p> <p>২০. জনাব মোঃ অজিতুজ্জা, ঔষধ</p>

				<p>তত্ত্বাবধায়ক, অত্র অধিদপ্তর</p> <p>২১. জনাব এ.টি. এ. গোলাম কিবরিয়া, ঔষধ তত্ত্বাবধায়ক, অত্র অধিদপ্তর</p> <p>২২. জনাব শায়লা নওশাদ, ঔষধ তত্ত্বাবধায়ক, অত্র অধিদপ্তর</p> <p>২৩. জনাব রোমেল মল্লিক, ঔষধ পরিদর্শক, অত্র অধিদপ্তর</p> <p>২৪. জনাব নাহিন আল আলম, ঔষধ পরিদর্শক, অত্র অধিদপ্তর</p> <p>২৫. জনাব মোঃ মোকহেদুল আমিন, ঔষধ পরিদর্শক, অত্র অধিদপ্তর</p> <p>২৬. জনাব মোঃ মাহমুদ হাসান, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর</p> <p>২৭. জনাব মেহেদী আফজাল, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর</p> <p>মোট = ২৭জন।</p>
৫.	Basic Training on Quality Assurance for Medicine, Cox's Bazar	০৮-১১ সেপ্টেম্বর, ২০১৯ ০৪ দিন ব্যাপি	WHO	<p>প্রিয়াংকা দাস গুপ্ত</p> <p>ঔষধ তত্ত্বাবধায়ক (ভারপাণ্ড)</p>
০৬.	ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট সংক্রান্ত প্রশিক্ষণ			<p>জনাব এ. টি, এম গোলাম কিবরিয়া</p>
৫.	Regulatory requirements and quality compliance seminar	১৬-১৭ সেপ্টেম্বর ২০১৯ ০২দিন ব্যাপি	DGDA	<p>২১ টি ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠানের ২ জন করে প্রতিনিধি। মোট=৪২ জন।</p>
৬.	Web-based Virtual Meeting System	০৭ অক্টোবর ২০১৯ ০১দিন ব্যাপি	WHO	<p>মোট = ৪৩জন।</p> <p>কর্মকর্তা-কর্মচারী।</p>
৭.	Web-based Virtual Meeting System	১৪ অক্টোবর ২০১৯ ০১দিন ব্যাপি	WHO	<p>মোট = ৫৭ জন।</p> <p>কর্মকর্তা-কর্মচারী।</p>
৮.	Web-based Virtual Meeting System	২১ অক্টোবর ২০১৯ ০১দিন ব্যাপি	WHO	<p>মোট = ৬৩জন।</p> <p>কর্মকর্তা-কর্মচারী।</p>
৯.	Training on Drug Registration Dossier Evaluation	২৩ অক্টোবর, ২০১৯ ০১দিন ব্যাপি	DGDA & USAID MTaPS/MSH	<p>মোট = ২৯জন।</p> <p>কর্মকর্তা।</p>
১০.	Training on Drug Registration Dossier Submission	২৪ অক্টোবর, ২০১৯ ০১দিন ব্যাপি	DGDA & USAID MTaPS/MSH	<p>২৭টি ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠানের ১ জন করে প্রতিনিধি। মোট=২৭ জন।</p>
১১.	Financial & Economic Appraisal For Development Project	১১-১৫ নভেম্বর, ২০১৯ ০৫দিন ব্যাপি	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	<p>১. জনাব মোহাম্মদ মোজাম্মেল হোসেন, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।</p> <p>২. জনাব মোঃ ফখরুল ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর ঢাকা</p> <p>মোট = ০২জন।</p>
১২.	Gender Responsive Budgeting	২০-২৪ অক্টোবর, ২০১৯ ০৫দিন ব্যাপি	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	<p>১. জনাব শফিকুল ইসলাম, হিসাব রক্ষণ কর্মকর্তা, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।</p>
১৩.	User Training on ADP RAMP Management System(AMS)	অক্টোবর- নভেম্বর, ২০১৯ ১৯-২২ অক্টোবর, ২০১৯ ০৪ দিন ব্যাপি	পরিকল্পনা কমিশন	<p>১. জনাব মোহাম্মদ নাইম গোলদার, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।</p> <p>২. জনাব মোঃ ফখরুল ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর ঢাকা</p> <p>মোট = ০২জন।</p>

১৪.	National Single Window vision workshop	১৯-২২ অক্টোবর, ২০১৯ ০৪ দিন ব্যাপি	জাতীয় রাজস্ব বোর্ড		১. জনাব মোঃ আইয়ুব হোসেন, উপ-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর ঢাকা। মোট = ০১ জন।
১৫.	Environmental Radioactivity Monitoring Course	১২-১৬ জানুয়ারী ২০২০ ০৫ দিন ব্যাপি	পরমানু শক্তি গবেষণা প্রতিষ্ঠান		জনাব মোঃ সামছু উদ্দিন ঔষধ তত্ত্বাবধায়ক
১৬.	Workshop on Trade Related Challenges for Graduated LDCs: Bangladesh Perspective	০৮ জানুয়ারী, ২০২০ ০১ দিন ব্যাপি	বাণিজ্য মন্ত্রণালয়		জনাব মোজাম্মেল হোসেন সহকারী পরিচালক
১৭.	The Agreement on Trade Related Aspects of Intellectual Property Rights (TRIPS)	২১-২২ জানুয়ারী ২০২০ ০২ দিন ব্যাপি	বাণিজ্য মন্ত্রণালয়		জনাব মোজাম্মেল হোসেন সহকারী পরিচালক
১৮.	ই-নথি বিষয়ক প্রশিক্ষণ		জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।		১. জনাব ফারজানা শবনম বৈশাখী ঔষধ তত্ত্বাবধায়ক ২. জনাব মোঃ মাহবুব আলম সুমন অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক মোটঃ ২ জন
১৯.	"বঙ্গবন্ধু দর্শন ও বাংলাদেশ" শীর্ষক কর্মশালা	১৯ ফেব্রুয়ারী ২০২০ ০১ দিন ব্যাপি	এনএপিডি, পরিকল্পনা মন্ত্রণালয়		জনাব ড. মোঃ আকতার হোসেন উপপরিচালক
২০.	বাংলাদেশ নেপাল বাণিজ্য সচিব পর্যায়ের ৫ম সভা	০৩-০৪ মার্চ ২০২০			বাংলাদেশ নেপাল বাণিজ্য সচিব পর্যায়ের ৫ম সভা

১৬.২। বিদেশে প্রশিক্ষণ কর্মশালা: ২০১৯-২০২০

ক্রম নং	শিরোনাম	স্থান ও সময়কাল	উদ্যোক্তা	অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীদের নাম	অংশগ্রহণকারী কর্মকর্তা / কর্মচারীদের মোট সংখ্যা
১.	PMDA ATC & U.S. FDA Pediatric Seminar-2019	Japan, ০৮-১১ জুলাই, ২০১৯	PMDA (Japan)	১. মেজর জেনারেল মোঃ মাহবুবুর রহমান, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। ২. মোঃ সালাহউদ্দিন, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা। ৩. এস এম সাবরীনা ইয়াসমিন, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা	মোট=০৩ জন
২.	WHO Pharmaceuticals review seminar – Pharmaceuticals and Medical Devices Agency (PMDA)	Japan ২২-২৬ জুলাই, ২০১৯	PMDA (Japan)	মোঃ তানভীর আহমেদ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।	মোট=০১ জন
৩.	WHO in country workshop on good distribution practice (GDP) regulatory inspection using the risk-based approach	Bangkok Thailand ১২- ২৬জুলাই, ২০১৯	WHO	১.মোঃ শরীফুল ইসলাম মোল্লা, ঔষধ তত্ত্বাবধায়ক, ঠাকুরগাঁও। ২.মো রফিকুল ইসলাম, ঔষধতত্ত্বাবধায়ক, দিনাজপুর।	মোট=০২ জন

৪.	Scientific learning Visit	<u>Hyderabad, India</u> ১৯-২৩ আগস্ট, ২০১৯	USP	১. মেজর জেনারেল মোঃ মাহবুবুর রহমান, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। ২. মোঃ সালাহউদ্দিন, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা। ৩. ডাঃ হাবুন-অর-রশীদ, এসিস্টেন্ট চীফ, ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।	মোট=০৩ জন
৫.	Recent Trends and challenges in Biopharmaceuticals at National Institute of Pharmaceutical Education and Research (NIPER) ,	<u>SAS Nagar (Mohali) Punjab, India</u> ১৯-২৯ আগস্ট, ২০১৯	Ministry of External Affairs, India	১. এস এম সাবরীনা ইয়াসমিন, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা। ২. মোঃ ফখরুল ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।	মোট=০২ জন
৬.	Regional workshop on clinical research methodologies in traditional medicine for WHO South-east region	<u>Jamnaga, Gujarat, India</u> ০৯-১১ সেপ্টেম্বর, ২০১৯	WHO	১. ড. খন্দকার ছগীর আহমেদ, পরিচালক (চঃ দাঃ), ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা। ২. ড. স্বপন কুমার দত্ত, আয়ুর্বেদিক বিশেষজ্ঞ, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।	মোট=০২ জন
৭.	International Regulators Meet Seminar	<u>Hyderabad, India</u> ১৯-২০ সেপ্টেম্বর, ২০১৯	Pharmexcil, India	মোঃ রুহুল আমনি, পরিচালক (চলতি দায়িত্ব), ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।	মোট=০১ জন
৮.	The Sixth meeting on Access to medicine under Universal Coverage in the Asia Pacific Region	<u>Manila, Philippines</u> ২৪-২৫ সেপ্টেম্বর ২০১৯	WHO	১. মোঃ শফিকুল ইসলাম, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা। ২. মোঃ শেখ আহসান উল্লাহ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, সিরাজগঞ্জ।	মোট=০২ জন
৯.	Pre-shipment inspection of (Condom) Sex Reproductive Health Item Guilin Zizhu Latex Co. Ltd., China	<u>Guilin, China</u> ২১-২৬ অক্টোবর, ২০১৯	Zizhu Latex Co. Ltd., China	জনাব মোঃ আইয়ুব হোসেন, উপ-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর	মোট=০১ জন
১০.	Forty-Second Annual Meeting of Representatives of National Pharmacovigilance Centres participating in the WHO programme for International Drug Monitoring	<u>Bogota, Colombia</u> ২৮ অক্টোবর-১ নভেম্বর, ২০১৯	WHO	ডাঃ রাজিব হাসান ইবনে শফিউল্লাহ, মেডিকেল অফিসার, ঔষধ প্রশাসন অধিদপ্তর	মোট=০১ জন

১১.	Technical Session, Regulatory Meeting and CPhI	<u>Frankfurt Germany</u> ৫-৭ নভেম্বর ২০১৯	Square Pharmaceutic als Ltd.	জনাব মোঃ নূরুল ইসলাম, পরিচালক (চঃ দাঃ), ঔষধ প্রশাসন অধিদপ্তর।	মোট=০১ জন
১২.	Facilitate ongoing and long-term discussions regarding technical and regulatory issues concerning Ypsomed AG services and Drug delivery devices in Bangladesh market	<u>Switzerl and</u> ৮-৯ নভেম্বর, ২০১৯	Square Pharmaceutic als Ltd.	জনাব মোঃ নূরুল ইসলাম, পরিচালক (চঃ দাঃ), ঔষধ প্রশাসন অধিদপ্তর।	মোট=০১ জন
১৩.	National Health Surveillance Agency (ANVISA)	<u>Brasilia, Brazil</u> ১৬-২০ নভেম্বর, ২০১৯	BAPI	১.মেজর জেনারেল মোঃ মাহবুবুর রহমান, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। ২.মোঃ সালাহউদ্দিন, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।	মোট= ০২ জন
১৪.	Pharmaceutical Quality by design : a risk based approach at National Institute of Pharmaceuticals Education and Research (NIPER) ,	<u>SAS Nagar (Mohali) Punjab, India</u> ১৮-২৮ নভেম্বর ২০১৯	Ministry of External Affairs, India	১. সালমা সিদ্দিকা, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, ফেনী। ২. মহেশ্বর কুমার মন্ডল, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, গোপালগঞ্জ।	মোট= ০২ জন
১৫.	Asian Training Centre for Pharmaceuticals and Medical Devices Seminar (PMDA-ATC)-2019	<u>Tokeyo, Japan</u> ২৫-২৯ নভেম্বর, ২০১৯	Pharmaceutic als and Medical Devices Agency (PMDA) Japan	১.জনাব গুলশান জাহান, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা। ২.মোঃ আবদুল্লাহ-আল-মামুন, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।ঔষধ পরিদর্শক = ০১ জন	মোট= ০১ জন
১৬.	Meeting on key enabling for successful local production and supply of quality-assured medical product	<u>Bangkok Thailand</u> ২৬-২৮ নভেম্বর,২০ ১৯	WHO	জনাব মোঃ মোজ্জাম্মেল হোসেন, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর।	মোট= ০১ জন
১৭.	PMDA-ATC Quality Control (Herbal Medicine)	<u>Tokeyo, Japan</u> ১০-১২ ডিসেম্বর,২ ০১৯	Pharmaceutic als & Medical Devices Agency (PMDA), Japan	জনাব সুকর্ণ আহমেদ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন চুয়াডাঙ্গা।	মোট= ০১ জন
১৮.	WHO Global Vaccine Safety Summit	<u>Geneva Switzerl and</u> ২-৩ ডিসেম্বর ২০১৯	WHO	ডাঃ নাসিমা পারভিন, ব্যাকটেরিয়ারিজিষ্ট, ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী, মহাখালী, ঢাকা।	মোট= ০১ জন

১৯.	6 th Asia Pacific Pharmacovigilance Training Program	Delhi India ২৪ ফেব্রুয়ারী- ০৬, মার্চ, ২০২০	4 th HPNSP	১. শিকদার কামরুল ইসলাম ঔষধ তত্ত্বাবধায়ক ২. হুমায়রা আফরোজ ঔষধ তত্ত্বাবধায়ক ৩. অদিতি স্বর্ণা ঔষধ তত্ত্বাবধায়ক ৪. মনুময় সরকার ঔষধ তত্ত্বাবধায়ক ৫. শায়লা নওশাদ ঔষধ তত্ত্বাবধায়ক	মোট = ০৫ জন
২০.	Implementation workshop of the WHO Guidelines on Regulatory Preparedness for Provision of Marketing Authorization of Human Pandemic Influenza Vaccines in non-vaccine producing countries	বাংকক, থাইল্যান্ড ২২-২৫ ফেব্রুয়ারী- ২০২০	WHO	১. সেক্স জেনারেল মোঃ মাহবুবুর রহমান মহাপরিচালক ২. মোঃ অজিউল্লা সহকারী পরিচালক	
২১.	TDR Clinical Research and Development fellowship (CRDF) alumni Meeting	ক্যালি, কলম্বিয়া ০২-০৪ মার্চ, ২০২০	WHO	মোঃ সালাহু উদ্দিন উপপরিচালক	

১৭। ঔষধের নিরাপত্তা (Safety) ও ফার্মাকোভিজিল্যান্সঃ

Adverse Drug Reaction Monitoring (ADRM) Cell of Directorate General of Drug Administration (DGDA) has been performing as the National Drug Monitoring Centre of Bangladesh as per Ministry of Health and Family Welfare gazette. National PV Guideline is one of the most important requirements of WHO for Pharmacovigilance (PV) Centre.

Outcome of the Adverse Drug Reaction Advisory Committee (ADRAC) 10th meeting:

10th ADRAC meeting was held on 27th August 2019 at DGDA. Major General Md. Mahbubur Rahman, DG of DGDA and Chairman of ADRAC presided over the meeting. National Pharmacovigilance Centre of Bangladesh received total 582 reports from different stakeholders. All these reports were primarily evaluated by ADRM cell. Out of these 366 reports were found complete/partially complete and 216 reports were found incomplete for lacking-of minimum information. After primary evaluation of the reports, ADRM cell placed 366 reports before Technical Sub-committee (TSC), where 161 reports were serious, and 205 reports were not serious. Out of the 161 serious cases 53 cases were found Certain, Probable and Possible and 108 cases were found Unlikely/Unclassifiable as per WHO Causality Assessment scale. Finally, these reports were placed before 10th ADRAC meeting for review and the honorable members of ADRAC agreed with the assessment done by the members of TSC. The committee has also recommended on the safety information published in the WHO Pharmaceuticals Newsletter- Issue No.1& 2, 2019 (Drug safety information).

Table 1: Evaluation of reports by different committees

SL No.	Committee Name	Number of evaluated reports	Opinion
1.	ADRM Cell	582	Complete report – 366 Incomplete reports-216
2.	Technical sub-committee (TSC)	366	serious-161 and Non-serious 205 Certain, Probable and Possible report -53 Unlikely and Unclassifiable reports -108
3.	ADRAC	161	Has agreed with the assessment done by the members of TSC.

Discussion on Serious Events & Standard Skeleton and Contents of inserts/patient information leaflet (PIL):

